

দিদির পাশে এত দুর্বৃত্ত, কি করে সামলাবেন বিচারপতি গঙ্গোপাধ্যায়

দুরন্ত বার্তা, কলকাতা, ১ ফেব্রুয়ারিঃ নিয়োগ দুর্নীতির তদন্তে নেমে চাক্ষুলাকর তথ্য উঠে এসেছে সিবিআইয়ের হাতে। মালিক ভট্টাচার্যের নামে দুটি বৈধ পাসপোর্ট পাওয়া গিয়েছে বলে এদিন হাইকোর্টে জানিয়েছে সিবিআই। আর এমন কথা শুনে বিস্মিত বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। কীভাবে এমন ঘটনা ঘটল, তা জানতে চান তিনি। সেই সঙ্গে জািনতার আরও মন্তব্য, “দিদি একা সামলাতে পারছেন না। এত দুর্বৃত্ত চারপাশে থাকলে সামলাবেন কী করে?” মালিক ভট্টাচার্যের জোড়া পাসপোর্টের সন্ধান পাওয়া নিয়ে বিচারপতি বলেন, “লজ্জার বিষয় এটাই যে এখনও তিনি বিষয়িক পদ থেকে ইস্তফা নেননি। ফিরে এসে আবার এসব শুরু করবেন।” প্রসঙ্গত, এদিন যখন আদালতে মালিক ভট্টাচার্যের জোড়া পাসপোর্টের বিষয়ে সিবিআইয়ের তরফে জানানো হয়, তখন বিচারপতি প্রশ্ন করেন, লন্ডনে মালিকবাবু কতবার গিয়েছেন, সেখানে কোথায় থাকেন, সেই সব খবর সিবিআই জানে কি না। এরপর নিজেই বলেন, তিনি জানেন সেই সব। শুধু তাই নয়, লন্ডনে কার বাড়ির পাশে মালিক থাকেন, সেটিও জানেন তিনি। বিচারপতি বলেন, “লন্ডনে তাঁর বাড়ির পাশে এমন একজনের বাড়ি আছে, যিনিও একজন রাজনৈতিক নেতা।” বিচারপতি গঙ্গোপাধ্যায়ের প্রশ্ন, রাজাট কি এভাবে নষ্ট হয়ে যাবে? এরপর নিজেই বলেন, “ভূপেন হাজারিকার একটা গান রয়েছে না হাজার টাকার বাগান খাইলো পাঁচ সিকার ছাগলে, এটাই হবে?” উল্লেখ্য, রাজ্যে শিক্ষক নিয়োগ দুর্নীতি সংক্রান্ত একাধিক মামলা চলছে কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের এক বেঞ্চে। অতীতে, নিয়োগ দুর্নীতি সংক্রান্ত মামলায় একাধিক গুরুত্বপূর্ণ মন্তব্য ও পর্যবেক্ষণ করেছেন তিনি। সেই নিয়ে যথেষ্ট শোরগোলও পড়ে গিয়েছে রাজ্য রাজনীতির অন্দরমহলে। এবার মালিক ভট্টাচার্যের জোড়া পাসপোর্টের কথা শুনে বিচারপতি গঙ্গোপাধ্যায়ের এই মন্তব্যের পরও আইনজীবী মহলে শোরগোল পড়ে গিয়েছে। আইনজীবী তরুণজ্যোতি তিওয়ারি বলেন, “২০১১ সালে বাম শাসকের অবসান ঘটিয়ে এই সরকার ক্ষমতায় এল। কিন্তু ২০১৬ সালে যখন এই সরকার আবার দুর্নীতির চান্দে মূড়ে গেল, তখন মুখ্যমন্ত্রীকে বলতে হল-আগে জানতে টিকিট দিতাম না। আবার এখন যখন ইস্যুগুলি সামনে আসছে, তখন মুখ্যমন্ত্রী অত্তুতভাবে চুপ করে রয়েছেন। চুপ করে থাকার কারণ কী? মুখ্যমন্ত্রী কেনও কথা বলছেন না কেন?” বিশিষ্ট আইনজীবী বিকাশধরন ভট্টাচার্যও বলেন, “বিচারপতির সঙ্গে আমি সহমত নই। দিদিমনি নিজেই দুর্বৃত্ত। আমি বহুদিন ধরে বলে আসছি। চারপাশে দুর্বৃত্তরা থাকবেনই তো। কারণ, ওনার সহযোগী শক্তি সবই তো দুর্বৃত্ত। বিচারপতি বলতে একটু ভুল করে ফেলেছেন।”

মিলল না জামিন, ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত জেল হেফাজতে নওশাদ

দুরন্ত বার্তা, কলকাতা, ১ ফেব্রুয়ারিঃ গত একুশে জানুয়ারি ধর্মতালয় পুলিশের সঙ্গে ধস্তাধস্তির পরেই প্রেফতার হয়েছিলেন আইএসএফ নেতা তথা রাজ্যের বিধায়ক নওশাদ সিদ্দিকী। প্রেফতার হন নওশাদ-সহ আরও ১৮ আইএসএফ কর্মী-সমর্থক। তোলা হয় ব্যাকশাল আদালতে। তবে নওশাদ শিবিরের তরফে তাঁদের আইনজীবী জামিনের আবেদন করলেও সেই আবেদন খারিজ হয়ে যায়। ১ ফেব্রুয়ারি পর্যন্ত তাঁদের পুলিশি হেফাজতের নিষেধ দিয়েছিল আদালত। এদিনই সেই মেয়াদ শেষ হওয়ার পর ফের তাঁদের তোলা ব্যাকশাল আদালতে। তবে এদিনও মিলল না জামিন। ১৪ দিনের জন্য নওশাদের জেল হেফাজতের নিষেধ দিল আদালত। অর্থাৎ আগামী ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত

নয়াদিল্লি, ১ ফেব্রুয়ারিঃ প্রতিবারের মতো এবারের বাজেটেও সবথেকে বেশি আকর্ষণ ছিল আয়কর দিতে হবে। কেন্দ্রীয় বাজেটে সাধারণ মানুষের বরাবরই আগ্রহ থাকে আয়কর নিয়ে কেন্দ্রীয় সরকার কত কী ছাড় ঘোষণা করা হল, তা নিয়ে। আগামী ২০২৪ সালের লোকসভা নির্বাচনের আগে এটাই কেন্দ্রীয় সরকারের শেষ পূর্ণাঙ্গ বাজেট। সেই কারণে এবারের বাজেটে সরকার আয়কর নিয়ে বড় কোনও ঘোষণা করতে পারে, এমনটাই প্রত্যাশা ছিল সকলের। সতিই মধ্যবিত্তের আশা পূরণ করে আয়করে বড় ছাড় ঘোষণা করলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। নতুন আয়কর কাঠামোয় ৭ লক্ষ টাকা অবধি উপার্জনের উপরে আয়করে ছাড় ঘোষণা করা হল। নতুন আয়কর কাঠামোকেই ডিফস্ট আয়কর কাঠামো হিসাবে ঘোষণা করা হয়েছে। তবে পুরনো আয়কর কর কাঠামোতেও কর প্রদান করা যাবে। গতবারের বাজেটেও আয়করে বিশেষ কোনও ছাড় ঘোষণা করা হয়নি। ৫ লক্ষ টাকা অবধি উপার্জনের উপরে কর ছাড় ঘোষণা করা হয়েছিল। তবে এবারের বাজেটে অর্থমন্ত্রী নির্মলা সীতারামন ঘোষণা করেন যে নতুন আয়কর কাঠামোয় ৭ লক্ষ টাকা অবধি আয়ের উপরে কর ছাড় পাওয়া যাবে। আপনার উপার্জন যদি বার্ষিক ৭ লক্ষ টাকার বেশি হয়, তবে আপনাকে কত টাকা আয়কর দিতে হবে, তা জেনে নিন-আয়করের হিসাব বোঝার আগে নতুন আয়কর কাঠামোর ধাপগুলি বুঝতে হবে। অর্থমন্ত্রীর ঘোষণা অনুযায়ী, ● শূন্য থেকে ৬ লক্ষ টাকা উপার্জনের ক্ষেত্রে আপনাকে ৫ শতাংশ হারে আয়কর দিতে হবে। ● ৬ লক্ষ টাকা থেকে ৯ লক্ষ টাকা বার্ষিক আয়ের ক্ষেত্রে ১০ শতাংশ হারে আয়কর দিতে

হবে। ● ৯ লক্ষ টাকা থেকে ১২ লক্ষ টাকা আয়ের ক্ষেত্রে ১৫ শতাংশ হারে আয়কর দিতে হবে। ● ১২ লক্ষ টাকা থেকে ১৫ লক্ষ টাকা অবধি উপার্জনের ক্ষেত্রে ২০ শতাংশ কর দিতে হবে। ● ১৫ লক্ষ টাকার অধিক উপার্জনের ক্ষেত্রে ৩০ শতাংশ কর দিতে হবে। কিন্তু কিভাবে আয়কর হিসাব করবেন? যদি আপনার বার্ষিক আয় ১০ লক্ষ টাকা হয়, তবে ৬ লক্ষ টাকা অবধি আয়ের ক্ষেত্রে আপনাকে কোনও আয়কর দিতে হবে না। বার্ষিক আয় থেকে এই ৬ লক্ষ টাকা বাদ দিলে, থাকবে ৭ লক্ষ টাকা। ৬ থেকে ৬ লক্ষ টাকা আয়ের উপরে ৫ শতাংশ কর দিতে হবে। এই ৬ লক্ষ টাকার হিসাবে আপনাকে ১৫ হাজার টাকা আয়কর দিতে হবে। এরপরের আয়কর ধাপ হল ৬ থেকে ৯ লক্ষ টাকা। এই ধাপে করের হার হল ১০ শতাংশ। এই ধাপে ৬ লক্ষ টাকার হিসাবে যদি ১০ শতাংশ কর দিতে হয়, তবে ৬০ হাজার টাকা



১৫ শতাংশ হারে আয়কর দিতে হবে। ১০ লক্ষ টাকা থেকে তিন ধাপে ৬ লক্ষ টাকা করে বাদ গেলে,

অর্থাৎ ১৫ হাজার টাকা আয়কর দিতে হবে। এবার মোট হিসাব মিলিয়ে দেখলে ১৫ হাজার, ৬০

আয়কর দিতে হবে ১০ লক্ষ টাকা বার্ষিক উপার্জনের ক্ষেত্রে। বাজেটে বেসরকারী কর্মচারীরা অবসরের

দেওয়া হয়, তার সীমাও বাড়ানো হয়েছে। ২০০২ সালে অটলবিহারী বাজপেয়ী সরকারের সময় শেষ বার এই সীমা নির্ধারণ করা হয়েছিল। সেই সময় দেশের সর্বোচ্চ বেতন ছিল প্রতি মাসে ৬০,০০০ টাকা। কর ছাড়ের সীমা নির্ধারণ করা হয়েছিল ৬ লক্ষ টাকা। সরকারি বেতন বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য রেখে, এই বাজেটে কর ছাড়ের সীমা বাড়িয়ে ২৫ লক্ষ টাকা করার প্রস্তাব দেওয়া হয়েছে। সিনিয়র সিটিজেন সেভিং স্কিমে সর্বোচ্চ আদানতের পরিমাণ বাড়ানো হয়েছে। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন ঘোষণা করেছেন, প্রবীণ নাগরিকদের সঞ্চয় প্রকল্পটিতে সর্বোচ্চ আদানতের পরিমাণ ১৫ লক্ষ টাকা করে বাড়িয়ে ৩০ লক্ষ টাকা করা হবে। এই বাজেটে অন্যতম জনপ্রিয় ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প, পোস্ট অফিস মালিক আয় প্রকল্প বা পিওএমআইএস-এর আদানতের সীমাও বাড়ানো হয়েছে। একক অ্যাকাউন্টধারীরা আগে

তার জয়গায় ৯ লক্ষ টাকা পর্যন্ত জমা করতে পারবেন। আর যৌথ অ্যাকাউন্টধারীদের ক্ষেত্রে সর্বোচ্চ আদানতের পরিমাণ ৯ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ১৫ লক্ষ টাকা করা হয়েছে। এমএসএমই-গুলিকে ভারতের অর্থনৈতিক বৃদ্ধির ইঞ্জিন বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী। এদিন বাজেট বক্তৃতার সময় মাইক্রো, স্মল, এবং মিডিয়াম এন্টারপ্রাইজ বা এমএসএমই সেক্টরের জন্য ক্রেডিট গ্যারান্টি প্রকল্পকে ফের চালু করার জন্য তিনি ৯,০০০ কোটি টাকার তহবিল ঘোষণা করেছেন। চলতি বছরের ১ এপ্রিল থেকে এই প্রকল্প কার্যকর করা হবে। তিনি আরও জানিয়েছেন, ২ কোটি টাকা পর্যন্ত টার্নওভারের মাইক্রো এন্টারপ্রাইজ এবং বার্ষিক ৫০ লক্ষ টাকা আয় নির্ভিষ্ট পেশাদারদের প্রিন্সিপালিটি ট্যাক্সেশনের সুবিধা দেওয়া হবে। আবাসিক সম্পত্তিতে বিনিয়োগ করা হলে, দীর্ঘমেয়াদী মূলধনী লাভের উপর আয়কর আইনের ৫৪ এবং ৫৪-র ৬ ধারা অনুযায়ী কর ছাড় পাওয়া যায়। বাজেট ২০২৩-এ এই দুই ছাড়কেই সর্বোচ্চ ১০ কোটি টাকায় বেঁধে দেওয়া হয়েছে। অর্থাৎ, আবাসিক সম্পত্তিতে বিনিয়োগ থেকে হওয়া আয়ের কর দেওয়ার ক্ষেত্রে সর্বোচ্চ ১০ কোটি টাকা ছাড় পাওয়া যাবে। এদিকে বেসরকারী কর্মচারীরা অবসরের সময়ে জমে থাকা ছুটির বদলে যে অর্থ পান, তার উপর যে কর ছাড় দেওয়া হয়, তার সীমাও বাড়ানো হয়েছে। ২০০২ সালে অটলবিহারী বাজপেয়ী সরকারের সময় শেষ বার এই সীমা নির্ধারণ করা হয়েছিল। সেই সময় দেশের সর্বোচ্চ বেতন ছিল প্রতি মাসে ৬০,০০০ টাকা। কর ছাড়ের সীমা নির্ধারণ করা হয়েছিল ৬ লক্ষ টাকা। সরকারি বেতন বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য রেখে, এই বাজেটে কর ছাড়ের সীমা বাড়িয়ে ২৫ লক্ষ টাকা করার প্রস্তাব দেওয়া হয়েছে।

বাজেটে কীসের দাম বাড়ল, সস্তা হল কী কী

নয়াদিল্লি, ফেব্রুয়ারিঃ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বুধবার সাধারণ বাজেট পেশ করেছেন। রাজস্ব আদায় বাড়াতে বাজেটে বেশি কিছু সামগ্রীর উপর অন্তঃশুল্ক বাড়ানোর প্রস্তাব করেছেন কেন্দ্রীয় মন্ত্রী, আবার রফতানিতে উৎসাহ দেওয়া, উৎপাদন বাড়ানো ইত্যাদি কারণে কিছু সামগ্রীর উপর কর কমানোর প্রস্তাব করেছেন তিনি। এক নজরে দেখে নেওয়া যাক, কোন কোন পণ্যের উপর কেমন প্রভাব পড়তে পারে-
বাজেটে দাম কমল-
● টিভি প্যানেলের ওপেন সেলের উপর অন্তঃশুল্ক ২.৫ শতাংশ কমানো হয়েছে।
● মোবাইল ফোন তৈরির জন্য বেশ কিছু সামগ্রীর উপর আমদানি শুল্ক কমানোর প্রস্তাব করেছেন নির্মলা সীতারামন।



● ল্যাবরেটরিতে তৈরি হিরের উপর অন্তঃশুল্ক কমানো হয়েছে।
● চিংড়ি রফতানিতে উসাহ দিতে তার

চারার উপর অন্তঃশুল্ক কমানো হয়েছে।
বাজেটে দাম বাড়ল-
● সিগারেটের উপর ১৬ শতাংশ বাড়ানো

হয়েছে।
● কম্পাউন্ডেড রাবার আমদানির উপর শুল্ক ১০ শতাংশ থেকে বাড়িয়ে ২৫ শতাংশ করা হয়েছে।
● গোল্ড বার থেকে তৈরি সামগ্রীর উপর অন্তঃশুল্ক বাড়ানোর প্রস্তাব করেছেন নির্মলা।
● রান্নাঘরে ইলেকট্রিক চিমনির উপর অন্তঃশুল্ক ৭.৫ শতাংশ থেকে বাড়িয়ে ১৫ শতাংশ করা হয়েছে।
আগামী বছর লোকসভা ভোট। তার আগে বুধবার বর্তমান মেয়াদের শেষ পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছে মোদি সরকার। সেদিক থেকে বাজেটে শুষ্কের হারে খুব বেশি পরিবর্তন দেখা যাচ্ছে না। বরং ব্যক্তিগত আয়করে বড় ছাড় ঘোষণা করে মধ্যবিত্ত সুরাহা দেওয়ার চেষ্টা করেছেন নির্মলা সীতারামন।

পুড়িয়ে ফেলা হয়েছে ২০১৭ সালের টেটের ওএমআর শিট, শুনে হতবাক বিচারপতি

দুরন্ত বার্তা, কলকাতা, ১ ফেব্রুয়ারিঃ কোনওভাবেই প্রযুক্তিতে দিক থেকে টেটের ওএমআর শিটে কারচুপি করা সম্ভব নয়। একদিন আগেই এই বিজ্ঞপ্তি জারি করে চাকরি প্রার্থীদের আশুপ্ত করেছিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। এদিকে ২০১৪ ও ২০১৭-র টেট নিয়ে বিস্তর দুর্নীতির অভিযোগ উঠেছে। আদালতের নির্দেশে চাকরির গিয়েছে অনেকের। দুর্নীতি তদন্ত মাঠে নেমেছে সিবিআই-ইডি। বিতর্ক তৈরি হয়েছে একাধিক চাকরির পরীক্ষার ওএমআর শিট নিয়েও। কিন্তু, এরইমধ্যে জানা গেল নষ্ট করে ফেলা হয়েছে ২০১৭ সালে টেট পরীক্ষার্থীদের ওএমআর শিট। পুড়িয়ে ফেলা হয়েছে সেই সমস্ত উত্তরপত্র। সুত্রের খবর, এদিন কলকাতা হাইকোর্টে এ কথা জানিয়েছে পর্ষদ। এ কথা শুনেই যারপরনাই বিরক্ত, একইসঙ্গে বিস্মিত বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। এই সংক্রান্ত বিশদ তথ্যও চেয়ে পাঠানো হয়েছে পর্ষদের কাছে। জমা দিতে হবে বৃহস্পতিবারই। বিচারপতি গঙ্গোপাধ্যায়ের নির্দেশ এমনটাই। প্রসঙ্গত, নবম-দশম শ্রেণির শিক্ষক নিয়োগে ৯৫২টি ওএমআর শিটে বিকৃতি হয়েছে বলে আগেই রিপোর্ট দিয়েছে সিবিআই। সেই অনুযায়ী বিকৃত ওএমআর শিটগুলি জনসমক্ষে প্রকাশের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। এরইমধ্যে ২০১৭ ওএমআর নিয়ে পর্ষদের নতুন তথ্য সামনে আসায় তা নিয়ে শুরু

হয়েছে চাপানুউতর। কোন মিটিংয়ে সিদ্ধান্ত হয়েছিল ওএমআর শিট নষ্ট করে ফেলা হবে হবে? এদিন এই বিচারপতি গঙ্গোপাধ্যায়ের এই প্রশ্নও চেয়ে যায় পর্ষদের কাছে। সেই মিটিংয়ের সমস্ত নথিই চেয়ে পাঠানো হয়েছে বলে খবর। জমা দিতে হবে বৃহস্পতিবার দুপুর ২ টার মধ্যে। এমনকী পর্ষদের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদেরও আদালতে আসতে নির্দেশ দেওয়া হয়েছে বলে খবর। প্রসঙ্গত, ২০১৭ সালে টেটের বিজ্ঞপ্তি জারি হলেও সেই পরীক্ষা হয়েছিল ২০২১ সালের জানুয়ারি মাসে। ফলপ্রকাশ হয় পরীক্ষার এক বছর পর ২০২২ সালের জানুয়ারি মাসে। এরমধ্যেই এ পরীক্ষা ও নিয়োগ প্রক্রিয়া নিয়ে অস্বচ্ছতার অভিযোগ তুলেছেন চাকরিপ্রার্থীদের একটা বড় অংশ। উত্তরপত্র দেখতে অনেক আরটিআইও করেন। চাকরিপ্রার্থীদের আদালতের উত্তরপত্র দেখতে বাঙালার রাজনৈতিক মহল।



জল গড়িয়েছে কোর্টে। এদিকে এখনও পর্যন্ত ২০১৭ টেট উত্তরপত্রের নিয়োগ প্রক্রিয়া সমাপ্ত হয়নি। তারমধ্যেই উত্তরপত্র পুড়িয়ে ফেলার ঘটনায় ব্যাডছে উদ্বেগ। এদিকে নিয়োগ প্রক্রিয়ায় দুর্নীতির অভিযোগে সার্বপতি হয়েছে প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি মালিক ভট্টাচার্য। তদন্ত প্রক্রিয়া যতই এগোচ্ছে ততই তাঁর বিরুদ্ধে সামনে আসতে শুরু করেছে। ওএমআর পুড়িয়ে ফেলার ঘটনায় তাঁর হাত রয়েছে কিনা সেই প্রশ্নও এবার উঠতে শুরু করেছে।

‘আমায় দিলে আধঘণ্টায় বাজেট করে দেখিয়ে দিতাম’

দুরন্ত বার্তা, বোলপুর, ১ ফেব্রুয়ারিঃ সংসদে নির্মলা সীতারামন বাজেট বক্তৃতা শেষ করার কিছুক্ষণ পরেই বীরভূমে সরকারি কর্মসূচি শুরু করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আন্দাজ করা গিয়েছিল কী হতে পারে। তাই হল। চবিশশের লোকসভার আগে শেষ পূর্ণাঙ্গ বাজেটকে কার্যত বিশেষণে ভরিয়ে দিয়ে তুলেখোনা করলেন বাংলার মুখ্যমন্ত্রী। সরাসরি এই বাজেটকে শিক্ষার জানিয়েছেন মমতা। মুখ্যমন্ত্রী বলেন, “এটা একটা সুবিধাবাদী বাজেট। কোনও আশার আলো নেই। শুধু অমাবস্যার অন্ধকার। আমি এই বাজেটকে শিক্ষার জানাই।” অতীতে রেলমন্ত্রী হিসেবে বহুবার রেল বাজেট পেশ করার অভিজ্ঞতা আছে মমতার। সেসব বাজেটে জনমুখী ঘোষণাও করেছিলেন তিনি। এমনকি কলকাতায় এখন যখন মেট্রো সম্প্রসারণ বাস্তবায়িত হচ্ছে তা সবই দিদির সময়ের ঘোষণা। এত সব কথা অবতারণা না করলেও এদিন মমতা বলেন, “আমায় দিলে বাজেট করতে, দেখিয়ে দিতাম কীভাবে গরিব মানুষের স্বার্থে বাজেট করা যায়। কীভাবে দ্রব্যমূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ করা যায়।” বুধবার বাজেটের একাধিক ঘোষণা নিয়ে তীব্র সমালোচনায় মুখর হন মমতা। তাঁর কথায়, “আগের বছর ১০০ দিনের কাজের টাকার বরাদ্দ স্যাট করে কমিয়ে দিয়েছি। এবার আরও কমিয়ে দিয়েছে। তার মানে আপনারা আগামী দিনে আর ১০০ দিনের কাজের টাকা পাবেন না।” সেইসঙ্গে খাদ্যপণ্যে ভর্তুকি হ্রাসের কথা তুলে মমতা সরাসরি বলেন, বাজেটে জালিয়াতি হয়েছে। মুখ্যমন্ত্রীর কথায়, “বাজেটে একটা বড় কেলেক্টারি করেছে। খাদ্যে ভর্তুকি কমিয়ে দেওয়া হয়েছে। ওখান থেকে টাকা মেরে বেড়েছে। যদিও এ ব্যাপারে কারও নাম করেননি মমতা। পর্যবেক্ষকদের অনেকের মতে, চব্বিশশের ভোটার আগে এই বাজেটে যেমন মধ্যবিত্তের মন পাওয়ার চেষ্টা করেছেন নরেন্দ্র মোদি, নির্মলা সীতারামনার তেমন মমতাও যেন পঞ্চায়েতের আগে গ্রামের মানুষের সামনে পাষ্টা ধারণা তৈরি করতে চাইলেন। সন্দেহ নেই কোভিড পরবর্তী মেলায় নাগরিক সমাজের একটা বড় অংশও

সামনেই বোঝাতে চান, বিজেপি আস্তে আস্তে ১০০ দিনের কাজ প্রকল্পটাই লাটে তুলে দেবে। সেইসঙ্গে রেশন দোকানে লাইন দেওয়া এখনও যে গ্রামীণ মানুষের মাসিক রুটিন, মমতা বোঝাতে

নির্মলার বাজেটকে তুলেখোনা মমতার



চান এই বাজেটে তাও সংশয়ের মুখে। অন্যদিকে মমতা বন্দ্যোপাধ্যায়ের এবারের বীরভূম সফরে অনেকেরই একটা বিষয় চোখ টেনেছে। তা হল

ফ্লেক্স, ব্যানার, হোর্ডিংয়ে ছবি। সেখানে দেখা গিয়েছে, সমস্ত তোরণ, হোর্ডিংয়ে শুধুই মমতা আর অভিযেকের ছবি। কোথাও নেই অনুব্রত মণ্ডল। বুধবার বীরভূমের সরকারি অনুষ্ঠানের মঞ্চে দলের কথা বললেও অনুব্রত নাম নিলেন না। দিদি এদিন অনুব্রতকে ‘সে’ বলায় সন্তোষন করেন মমতা। মুখ্যমন্ত্রী এদিন বলেন, “আমি বীরভূমের মানুষকে একটা কথা বলতে এসেছি। আমার দু’একজন নেতাকে জেলে পুরে রাখলে কিছু হবে না। ইলেকশনের সময়ওতো বেরোতে দেন না। মানুষ কিন্তু ভোটটা দেয়।” এরপরই মমতা বলেন, “যতদিন ‘সে’ অ্যাবসেন্ট থাকবে ততদিন আমিই বীরভূম দেখব। আমাকে সাহায্য করবে বি। আমি যে কোর টিম করে দিয়েছি, তাঁদের নিয়ে আগের নিয়মেই সব চলবে।” সোমবার বীরভূমে পৌঁছেই দলের নেতাদের সঙ্গে বৈঠক করেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে ডেকে নিয়েছিলেন নানুরের রুক সভাপতি কাজল শেখকেও। জেলার রাজনীতিতে অনুব্রত দাপটের সামনেও যিনি অবিচল থেকেছেন। বরাবর কেটর বিরোধিতা করে গিয়েছেন। জানা গিয়েছে, কাজলকে বীরভূমে ডাকার খবর সংবাদমাধ্যমেই দেখেছিলেন অনুব্রত। এদিন মমতা এও বলেন, “রাজা চলে বাজার, কুন্ডা ভোকে হাজার। রাজা মানে প্রজা। তৃণমূল কংগ্রেস প্রজার দল। মা-মাটি-মানুষের দল।” এখন প্রশ্ন হল, অনুব্রতের নাম নিলেন না কেন দিদি? তাহলে কি কেঁষ্টকে ঝেড়ে ফেলতে চাইছে তৃণমূল? পর্যবেক্ষকদের অনেকের মতে, হয়তো তেমন কিছু নয়। এর আগে বিবি হাকিম কেঁষ্টকে বাধ বলে মহিমায়িত করে আসার পর সেই উদাহরণ দিয়ে জামিন বাতিল হয়ে গিয়েছিল। মমতা হয়তো সে কারণেই নাম নেননি। কারণ তিনি নাম নিলেই কেঁষ্টের মামলায় বিভ্রম্বনা বাড়তে পারে। আবার হোর্ডিংয়ে অনুব্রতের ছবি না থাকা, তাঁর বিরোধী হিসেবে কাজল শেখকে তুলে তৃণমূলের কোর কমিটিতে রাখাকে সূচিত্তিত সিদ্ধান্ত হিসেবে দেখছেন অনেকে। তাদের মতে, অনুব্রত যখন সংগঠন সামলাতেন তখন কাজলরা যেমতে পারতেন না। কিন্তু এখন সবাইকে নিয়েই বীরভূমে পাটি চালাতে চায় তৃণমূল। তবে একথা ঠিক যে, অনুব্রতকে জেলা সভাপতি পদ থেকে সরিয়ে দিয়ে অন্য কাউকে সেই জয়গায় বসানোর মতো পদক্ষেপ এখনও করেনি কালাঘাট বা ক্যামাক স্ট্রিট।

২০২৩-২৪ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটকে সমন্বোপযোগী ও জনমুখী আখ্যা অসমের বিজেপি সভাপতি ভবেশের

গুয়াহাটি, ১ ফেব্রুয়ারি : সমাজের উচ্চনিম্ন, ধনী-দুখি, সর্বসত্ত্বের জনসাধারণকে অন্তর্ভুক্ত করে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামণের ২০২৩-২৪ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটকে ভারতীয় জনতা পার্টির অসম প্রদেশ সভাপতি ভবেশ কলিতা সমন্বোপযোগী জনমুখী বলে আখ্যা দিয়েছেন।

এক প্রেস বিবৃতিতে ভবেশ কলিতা বলেন, কেন্দ্রীয় বাজেটে একত্রিত বিকাশ, পরিকাঠামো বিনিয়োগ, দেশের দক্ষতা বিকাশ, সবুজায়ন, যুব উন্নয়ন, অর্থ বিভাগের দক্ষতা বৃদ্ধি, লক্ষ্য প্রাপ্ত করতে কার্যসূচি রূপায়ণ ইত্যাদি সাতটি বিষয়ে গুরুত্ব দেওয়া হয়েছে। ভবেশ বলেন, অমৃতকালের প্রথম বাজেটের মাধ্যমে কেন্দ্রীয় সরকার দেশের সন্মানীন বিকাশের জন্য রূপরেখা তৈরি করেছে। প্রদেশ সভাপতি বলেন, পরিকাঠামোর ক্ষেত্রে ভারতবর্ষকে অধিক শক্তিশালী করার উদ্দেশ্যে পরিবহণ সেক্টরে ৭৫ হাজার কোটি টাকা, রেল বিভাগের জন্য ২.৪০ লক্ষ কোটি টাকার পাশাপাশি নতুন ৫০টি বিমানবন্দর, হেলিপেড

ত্রিপুরায় ৪৮ গ্রাম ব্রাউন সুগার সমেত গ্রেফতার এক

কদমতলা (ত্রিপুরা), ১ ফেব্রুয়ারি : দক্ষিণ অসমের করিমগঞ্জ জেলাস্ত্তগত পাথারকান্দি থেকে ত্রিপুরার কদমতলায় প্রবেশের পর ব্রাউন সুগার সমেত এক পাচারকারীকে আটক করেছে ত্রিপুরা পুলিশের ৩৭ নম্বর বাটিলিয়নের জওহান এবং স্থানীয় থানার পুলিশ। ধৃত মাদক পাচারকারীকে কদমতলার ডুপিরবন্দ লালছড়া এলাকার প্রয়াত মন্তুকিন আলির ছেলে ইসুব আলি (৩৫) বলে শনাক্ত করা হয়েছে। গোপন সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আজ বুধবার দুপুরে ত্রিপুরা পুলিশের ৩৭ নম্বর বাটিলিয়নের কমান্ডার সন্তোষ কুমার সহ উত্তর ত্রিপুরার কদমতলা থানার এসআই পীযুষ সাহার নেতৃত্বে পুলিশের এক দল অসমত্রিপুরা আন্তঃরাজ্যে সীমান্তের কাটালতলি এলাকার ঝেরঝেরিতে ওং পেতে বসে থাকলে সাফল্য আসে। এক সময় কদমতলার ডুপিরবন্দ লালছড়া এলাকার প্রয়াত মন্তুকিন আলির ছেলে ইসুব আলি তার টিআর ০১ এপি ৮০৮৫ নম্বরের বাইকে চড়ে করিমগঞ্জ জেলার (অসম) পাথারকান্দি থেকে ত্রিপুরায় প্রবেশের চেষ্টা করে। তাকে আটক করে তালাশি চালান কর্তব্যরত পুলিশ ও জওহানরা। তালাশি চালিয়ে তার হেফাজত থেকে চার প্যাকেটে মোট ৪৮ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়। তবে উদ্ধারকৃত নেশা সামগ্রীর দাম জানা যায়নি। বর্তমানে তাকে কদমতলা থানায় আটকে রেখে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। পুলিশের প্রাথমিক জেরায় ধৃত ইসুব আলি মাদক পাচারে জড়িত পাথারকান্দি এলাকার কয়েকজনের নাম বলেছে। তদন্তের স্বার্থে তাদের নাম খোলসা করতে চাচ্ছে না ত্রিপুরা পুলিশ। তবে ধৃতের বিরুদ্ধে এনডিপিএসএর নির্দিষ্ট ধারায় কদমতলা থানায় মামলা রুজু করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে।

মাথা থেকে ধোঁয়া বেরনোর দৃশ্য দেখতে বাড়িতে কয়েকশো মানুষ ভিড় করছেন

বিশেষ প্রতিবেদক, ঢাকা, ১ ফেব্রুয়ারি : গরুর ব্যবসায়ী। নাম গোলাম রাব্বানী। বর্তমানে লোকে তাকে ‘ধোঁয়া মানব’ বলে ডাকছেন। কিন্তু কেন, সেই প্রশ্ন তুলতেই শোনা গেল তিনি পান খেলেই তার মাথা দিয়ে ধোঁয়া বের হয়। বাংলাদেশের নাটোরের বাসিন্দা তিনি। বয়স ৪১ বছর। মাথায় তেমন চুল নেই। কাজ করে গরু কেনা বেচার। রাব্বানীর পান খাওয়ার ঝোক বহুদিনের। তবে সাত থেকে আট বছর আগে থেকে কাঁচা সুপারি দিয়ে পান খেলেই নাকি তার মাথা দিয়ে অনবরত ধোঁয়া বের হয় বলে বলা হচ্ছে। তিনি ঘামতে থাকেন। এমন দৃশ্য শীতকালে দেখা গেলেও গরমকালে দেখা যায় না। আবার দিনের বেলাতেও এই ধোঁয়া চোখে পড়ে না। এই ধোঁয়া দেখে স্বাভাবিকভাবেই আনন্দ পান সকলে। যার জন্য প্রতিদিন প্রায় ২০ থেকে ২৫টি পান খাওয়া হয়

নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে। এ ধরনের পদক্ষেপে ভারতবর্ষের পরিকাঠামোকে বিশ্বমানের করে তুলবে। বাজেটে শিশুদের জন্য জাতীয় ডিজিটাল



গ্রন্থাগার, পঞ্চায়েত ও ওয়ার্ডে ডিজিটাল গ্রন্থাগার নির্মাণ ছাড়াও ইক্যার্টের জন্য ৭ হাজার কোটি টাকা ধার্য করেছেন অর্থমন্ত্রী। এই পদক্ষেপে দেশের জনসাধারণকে বর্তমান সময়ের সঙ্গে পা মেলাতে অধিক ডিজিটালমুখী করে তুলবে। ভবেশ কলিতা বলেন,

দেশের পর্যটনস্থল রাজস্ব সংগ্রহের অন্যতম ক্ষেত্র। প্রতি বছর ভারতে বহু বিশেষি পর্যটকের আগমণ ঘটে। তাই পর্যটন ক্ষেত্রের উত্তরণ ঘটাতে নতুন সভাপতি। তিনি বলেন, একইভাবে আয়কর ৭ লক্ষ টাকা পর্যন্ত রেহাই, মৎস্য পালকদের জন্য ৬ হাজার কোটি টাকা,শহরাঞ্চল পরিকাঠামোর জন্য ১০ হাজার কোটি টাকা, প্রধানমন্ত্রী আবাস যোজনার জন্য ৭৯ হাজার কোটি টাকা, বিদ্যুৎ রূপান্তরের জন্য ৩৫ হাজার কোটি টাকা আবটন দেওয়ার পাশাপাশি মহিলাদের জন্য ‘মহিলা সম্মান সেভিংস সার্টিফিকেট, দেশের যুব-প্রজন্মের কৌশল বিকাশের জন্য ‘প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা’৪.০’ চালু করা ছাড়াও ৬০টি আন্তর্জাতিক মানদণ্ডের স্টিল কেন্দ্র নির্মাণের কথা ঘোষণা দেশের ভবিষ্যত প্রজন্মের জন্য অত্যন্ত ইতিবাচক বার্তা। কলিতা বলেন, ২০২৩-২৪ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটে দেশের সর্বক্ষেত্রে বিকাশের জন্য সামগ্রিকভাবে সকল দিককে অন্তর্ভুক্ত করেছেন অর্থমন্ত্রী। সমন্বোপযোগী এই বাজেট সমগ্রদেশের জনসাধারণকে উপকৃত করবে বলেও প্রদেশ সভাপতি ভবেশ কলিতা প্রেস বিবৃতির মাধ্যমে আশা ব্যক্ত করেছেন।

নির্বাচনী আধিকারিকের রাজনৈতিক দলের মিছিলে অংশগ্রহণ, খতিয়ে দেখেছে নির্বাচন কমিশন

আগরতলা, ১ ফেব্রুয়ারি : নির্বাচনী আধিকারিক হয়েও রাজনৈতিক দলের মিছিলে নেওয়ায় আইনি বেড়াডালো ফঁসেছেন খোয়াই জেলা ক্রীড়া ও যুব বিষয়ক দফতরে কর্মরত শারীরিক প্রশিক্ষক অমরলাল সাহা। তিনি প্রথম পোলিং অফিসার হিসেবে বিধানসভা নির্বাচনে দায়িত্ব পেয়েছেন। তার বিরুদ্ধে রাজনৈতিক দলের কর্মসূচিতে অংশগ্রহণের অভিযোগ প্রমাণিত হলেও নির্বাচন কমিশন পূর্ণাঙ্গ তদন্ত করার জন্য খোয়াইহরের জেলাশাসককে নির্দেশ দিয়েছে। প্রসঙ্গত, গত ৩০ জানুয়ারি

মনোনয়ন জমা দিতে বিজেপি প্রাণীর মিছিলে অংশ নিয়েছিলেন শারীরিক প্রশিক্ষক অমরলাল সাহা। সেই ছবি সংবাদ মাধ্যমে প্রকাশিত হতেই জেলা নির্বাচন দফতর থেকে তদন্ত করা হয়েছে। তদন্তে ওই মিছিলে তার অংশগ্রহণের প্রমাণ মিলেছে। সে মোতাবেক জেলা নির্বাচন আধিকারিক অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে রিপোর্ট পাতিয়েছেন। রিপোর্টে তিনি সাফ জানিয়েছেন, নির্বাচনী আধিকারিক হওয়া সত্ত্বেও শারীরিক প্রশিক্ষক অমরলাল সাহা রাজনৈতিক দলের

মিছিলে অংশ নিয়েছেন। তাতে তিনি সরকারি নিয়ম লঙ্ঘন করেছেন। এবিষয়ে অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক উষ্মাছেন। মগ জানিয়েছেন, রাজনৈতিক দলের মিছিলে অংশগ্রহণ নিয়ে শারীরিক প্রশিক্ষক অমরলাল সাহার রিপোর্ট জমা পড়েছে। কিন্তু, কমিশন আরও বিস্তারিত তদন্তের প্রয়োজন রয়েছে মনে করছে। এবং সে অনুসারে জেলাশাসককে নির্দেশ দিয়েছে। সেই তদন্তের রিপোর্ট আসার পর প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া হবে, বলেন তিনি।

ডিফু এবং লাহরিজানে হেরোইন উদ্ধার, গ্রেফতার ৩

ডিফু (অসম), ১ ফেব্রুয়ারি : অসমের অন্যতম পাছাড়ি জেলা কার্বি আংলঙে আজ বুধবার ১ কেজি ৩০৪ গ্রাম হেরোইন উদ্ধার করতে সক্ষম হয়েছে পুলিশ। নির্দিষ্ট খবরের ভিত্তিতে আজ সকালে ডিফু স্টেশনে আপ অবধ আসাম এক্সপ্রেসে অভিযান চালিয়ে পুলিশ হেরোইনগুলি উদ্ধার করার পাশাপাশি রাজস্থানের বাসিন্দা চন্দ্রশেখর সেন এবং গীরাঙ্গ সলাংদি নামের দুই মাদক পাচারকারীকে গ্রেফতার করেছে। সাধারণত ডাউন ট্রেনগুলি থেকে এর




বাজেয়াগু করেছে। কিন্তু বুধবার একটি আপ ট্রেন থেকে বৃহৎ পরিমানের হেরোইন বাজেয়াগু করার ঘটনা নতুন উৎসের সন্ধান দেবে বলে পুলিশ

আশা করছে। অন্যদিকে লাহরিজানে নিয়মিত তল্লাশি চালিয়ে একটি টাটা ডিআই গাড়িথেকে উদ্ধার হয়েছে ৩০৪ গ্রাম ড্রাগস। এই ঘটনায় টাটা ডিআইএর চালককে গ্রেফতার করেছে পুলিশ। বোকারজানের এসডিপিও জন দাস এবং ডিফু সদর ডিওসপি নাহিদ করিম্মার নেতৃত্বে পুলিশ অভিযান চালিয়ে এই ড্রাগসগুলি উদ্ধার করেছে। বুধবার বিকেলে এক সাংবাদিক সম্মেলন করে অতিরিক্ত পুলিশ সুপার কঞ্চনকুমার নাথ এই খবর জানিয়েছেন।

ত্রিপুরা বিধানসভা নির্বাচন, ৩ ফেব্রুয়ারি কুমারঘাট ও অমরপুরে জনসভা জেপি নাড্ডার

আগরতলা, ১ ফেব্রুয়ারি : ত্রিপুরায় বিধানসভা নির্বাচনের প্রচারে ঝড় তুলতে আগামী ৩ ফেব্রুয়ারি আসছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা। তিনি কুমারঘাট এবং অমরপুরে জনসভায় অংশ নেবেন। তার সরকারি ইতিমধ্যেই দলীয় স্তরে প্রস্তুতি শুরু হয়ে গেছে। আজ বিজেপির নির্বাচন প্রভারী ড. মনেন্দ্র সিং এবং সাংসদ বিপ্লব কুমার দেব জনসভাস্থল পরিদর্শন করেছেন এবং স্থানীয় কার্যকর্তাদের সাথে বৈঠক মিলিত হয়েছেন।এবিষয়ে ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব বলেন, বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা আগামী ৩ ফেব্রুয়ারি কুমারঘাটে জনসভায় সম্বোধন

করবেনও জেলার বিভিন্ন পদাধিকারী ও কার্যকর্তাদের সাথে



বৈঠকে এই সভার স্বার্বক রূপান্তরের লক্ষ্যে কর্মপরিকল্পনা বহু বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে ড পাশাপাশি কুমারঘাট

পিডব্লিউডি মাঠের সভাস্থলটি পরিদর্শন করেছি ও প্রস্তুতি সম্পর্কে অবহিত হয়েছি। সাথে তিনি যোগ করেন, আজ অমরপুর চন্ডিবাড়ি মাঠে আগামী ৩ ফেব্রুয়ারি বিজেপি সর্বভারতীয় সভাপতির সভাস্থলটি পরিদর্শন করেছি ড এছাড়া দলের সমস্ত পদাধিকারী ও দায়িত্বপ্রাপ্ত কার্যকর্তাদের সাথে এই কর্মসূচীর সফল রূপায়নের লক্ষ্যে রূপরেখা শীর্ষক প্রস্তুতি বৈঠকে অংশগ্রহণ করেছি। এদিকে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামী ৬ ও ১২ ফেব্রুয়ারি নির্বাচনী জনসভায় অংশ নিতে আসছেন। ওই দুইদিনে তাঁর একাধিক জনসভায় অংশ নেবেন বলে দলীয় সূত্রে খবর। তবে, সফরসূচি চূড়ান্ত হয়নি।

ব্যাঙ্ক ব্যবস্থা নিয়ন্ত্রণ আইনে সংশোধন আনার প্রস্তাব বাজেটে

নয়াদিল্লি, ১ ফেব্রুয়ারি : আর্থিক ক্ষেত্রের নিরন্তর সংস্কার প্রচেষ্টা এবং প্রযুক্তির উদ্ভাবনী প্রয়োগ ও ব্যবহারের ফলশ্রুতিতে ভারতীয় অর্থনীতির বাজার এখন যথেষ্ট শক্তিশালী। দেশের আর্থিক ক্ষেত্রকে আরও সহজত করে তুলতে ২০২৩-২৪-এর কেন্দ্রীয় বাজেটে বেশ কয়েকটি প্রস্তাব রেখেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী। আজ সংসদে ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট পেশকালে তিনি বলেন, অমৃতকালে পৌঁছনোর লক্ষ্যে আমাদের দৃষ্টিভঙ্গিতে রয়েছে প্রযুক্তিচালিত তথা জ্ঞানভিত্তিক এক অর্থনীতি যা গড়ে উঠবে সরকারি ব্যাপক লগ্নি প্রচেষ্টার হাত ধরে এবং মজবুত এক আর্থিক কাঠামোর মধ্যে। অর্থমন্ত্রী বলেছেন, ব্যাঙ্কের পরিচালন ব্যবস্থাকে আরও উন্নত করে তুলতে এবং বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষিত রাখতে ব্যাঙ্ক ব্যবস্থার নিয়ন্ত্রণ আইনে কয়েকটি সংশোধন প্রস্তাব আনা হয়েছে। একইসঙ্গে ব্যাঙ্ক কোম্পানিজ আইন এবং রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া আইন সংশোধনদেরও প্রস্তাব করা হয়েছে। অর্থমন্ত্রী আজ সংসদে আরও জানিয়েছেন, কোম্পানি আইনের আওতায় বিভিন্ন কোম্পানি বা সংস্থার প্রয়োজন মেটাতে একটি কেন্দ্রীয় প্রেসিগিং সেগটার গড়ে তোলার প্রস্তাব রাখা হয়েছে এবারের বাজেটে। এর ফলে, সার্বিক ব্যবস্থায় দ্রুততার সঙ্গে সমস্যা সমাধানের প্রচেষ্টা চালাতে হবে।

গরিব-বিরোধী বাজেট পেশ করেছে, প্রতিক্রিয়া চিদাম্বরমের

নয়াদিল্লি, ১ ফেব্রুয়ারি : ২০২৩-২৪ আর্থিক বছরের বাজেট নিয়ে হতাশা



প্রকাশ করেছেন দেশের প্রাক্তন অর্থমন্ত্রী তথা কংগ্রেস নেতা পি চিদাম্বরম। বুধবার ২০২৩-২৪ অর্থবছরের প্রতিক্রিয়ায় চিদাম্বরম বলেন, এই বাজেট গরিববিরোধী। এই বাজেট অধিকাংশ মানুষের প্রত্যাশাকে আঘাত করেছে। চিদাম্বরম আরও বলেন, এই সরকার জনগণ এবং তাদের জীবন, জীবিকার উদ্দেশে থেকে অনেক দূরে। তিনি বলেন, কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন তার বাজেট বক্তৃতায় একবারও ‘বেকারহু’ শব্দটি উল্লেখ করেননি। পুরো বক্তৃতায় তিনি গরীব শব্দটি মাত্র দুবার ব্যবহার করেছেন। চিদাম্বরম বলেন, এইভাবে ধনী-গরিরের ব্যবধান বাড়তে চলছে। তিনি বলেন, বাজেটে পেট্রোল, ডিজেল, সিমেন্ট, সার ইত্যাদির দাম কমানো হয়নি। এর প্রভাব পড়বে দেশের বিশাল জনগোষ্ঠীর ওপর।

নাগাল্যান্ডে বিধানসভা নির্বাচনের প্রাক্কালে বিধায়ক পদে ইস্তফা দুই সদস্যের

কোহিমা, ১ ফেব্রুয়ারি : নাগাল্যান্ডে বিধানসভা নির্বাচনের প্রাক্কালে বিধায়ক পদে ইস্তফা দিয়েছেন দুই সদস্য। তারা ৬০ নম্বর পুংত্রোখিপ্রের নির্দলীয় বিধায়ক তথা রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ টি ইয়াংসেও সাংতাম এবং ৪৬ নম্বর মন শহর কেন্দ্রের ক্ষমতাসীন ন্যাশনালিস্ট ডেমোক্র্যাটিক প্রগ্রেসিভ পার্টি (এনডিপিপি)র থংওয়াং কন্যাক। রাজ্য সচিবালয় সূত্রের উদ্ধৃতি দিয়ে আজ বুধবার তথ্য ও জনসংযোগ দফতর এক বিবৃতি জারি করে এই খবর জানিয়েছে। গত সোমবার তারা বিধায়ক পদে ইস্তফাপত্র বিধানসভার অধ্যক্ষের কাছে পাঠিয়েছিলেন। অধ্যক্ষ ১৩তম বিধানসভায় তাঁদের অদতগাপত্র গ্রহণ করে সর্বশ্রুতি নির্বাচন কেন্দ্রকে বিধায়কশূন্য বলে ঘোষণা করেছেন। বুধবার তথ্য ও জনসংযোগ দফতর সূত্রের খবর, রাজ্যের সমস্ত ৬০ আসনে আগামী ২৭ ফেব্রুয়ারি একদিনে ভোটগ্রহণ হবে। সে অনুযায়ী ভারতের নির্বাচন কমিশন ৩১ জানুয়ারি ১৪তম নাগাল্যান্ড বিধানসভা নির্বাচনের জন্য বিস্ত্রপ্তি জারি করেছে।

আদানি নয়, এখন ভারতে ধনীতম অস্থানিই

নয়াদিল্লি, ১ ফেব্রুয়ারি : বিশ্বের ধনীতম ব্যক্তিদের তালিকা অনেকটা বদলে গেলে। মঙ্গলবারেই প্রথম দশের বাইরে বেরিয়ে গিয়েছিলেন ভারত তথা এশিয়ার ধনীতম শিল্পপতি সৌভম আদানি। বুধবার তাঁকে টপকে সবচেয়ে ধনীরা তকমা ছিলিয়ে নিলেন মুকেশ অস্থানি। ফোর্বসের পরিসংখ্যান অনুযায়ী, বিশ্বের ধনীতম ব্যক্তিদের তালিকায় আদানি নামে গিয়েছেন ১৩ নম্বরে। তাঁকে টপকে অস্থানী উঠে এসেছেন প্রথম দশের মধ্যে। তালিকায় অস্থানীর অবস্থান এখন নবমো। বুধবার পর্যন্তও ভারত তথা এশিয়ার ধনীতম ব্যক্তি ছিলেন আদানি গোষ্ঠীর কর্ণধার সৌভম। কিন্তু আমেরিকার লগ্নি বিষয়ক গবেষণা সংস্থা হিভেনবার্গ রিসার্চের রিপোর্ট প্রকাশ্যে আসার পর থেকেই তিনি আর্থিক বিপর্যয়ের মুখে। সপ্তাহ খানেক আগেও বিশ্ব তালিকায় আদানি ছিলেন ‘খার্ড বর’। আদানির দুর্দিনে উন্নতি হয়েছে ভারতের আর এক ধনকুবের অস্থানিরা। তিনি প্রথম দশের বাইরে বেরিয়ে গিয়েছিলেন। আবার উঠে এসেছেন ৯ নম্বরে। ভারত তথা এশিয়ার ধনীতম শিল্পপতি এখন তিনিই। সম্পত্তির হিসাবে অস্থানি এবং আদানির মাঝে রয়েছেন তিন জন।

কেন্দ্রীয় বাজেটে জন্মু ও কাশ্মীরের জন্য ৩৫,৫৮১ কোটি বরাদ্দ

নয়াদিল্লি, ১ ফেব্রুয়ারি : বুধবার লোকসভায় ২০২৩-২৪ আর্থিক বছরের বাজেট পেশ করেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনা। এতে জন্মু ও কাশ্মীরের কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য ৩৫,৫৮১ কোটি টাকা এবং লাদাখের জন্য ৫,৯৫৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। জন্মু ও কাশ্মীরের জন্য বরাদ্দ ৩৫,৫৮১ কোটি টাকার মধ্যে ৩৩,৯২৩ কোটি টাকা কেন্দ্রশাসিত অঞ্চলের উন্নয়নমূলক কাজে ব্যয় করা হবে। কেন্দ্রীয় বাজেটে জন্মুকাশ্মীর এবং লাদাখের বাজেট বাড়ানোর পর, অন্যান্য উন্নয়ন প্রকল্পের সাথে সীমান্ত এলাকার উন্নয়ন আরও ত্বরান্বিত হবে। রাজ্যে রাস্তা ও অন্যান্য প্রকল্পের প্রস্তুতির সঙ্গে সঙ্গে সেনাবাহিনীর কৌশলগত শক্তিও বাড়বে।

ধুঁকছে পাকিস্তান,রেকর্ড ভাঙল মুদ্রাস্ফীতি! নাভিশ্বাস আমজনতার



ইসলামাবাদ, ১ ফেব্রুয়ারি : আর্থিক সংকটে নাজেহাল পাকিস্তান সরকার। মুদ্রাস্ফীতির জেরে সেদেশের অর্থনীতির পরিস্থিতি খুবই খারাপ। ২০২৩ সালের জানুয়ারিতে মুদ্রাস্ফীতি পৌঁছেছে ২৭.৫৫ শতাংশে। যা গত ৪৮ বছরের মধ্যে সর্বোচ্চ বল মনে করা হচ্ছে। শেষবার ১৯৭৫ সালের মে মাসে

এমন পরিস্থিতি তৈরি হয়েছিল। স্বাভাবিক ভাবেই এমন অবস্থায় নাভিশ্বাস আমজনতার। এদিকে এই মুহূর্তে এই আর্থিক সংকট থেকে বাঁচতে পাকিস্তানের একমাত্র ভরসা আইএমএফ। গতবছরও মোটা অঙ্কের ঋণ দিয়ে আন্তর্জাতিক অর্থভাণ্ডার পাকিস্তানকে দুরবস্থা থেকে বাঁচিয়ে তুলেছিল। কিন্তু এবছর সেটাও সম্ভব হবে কিনা তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। তবে ইতিমধ্যেই ঋণ সংকটে জরুরি আলোচনা করতে সেদেশে এসেছে প্রতিনিধি দল। সাড়ে ৬ বিলিয়ন মার্কিন ডলার ঋণ পেতে মরিয়া ইসলামাবাদ। কিন্তু এই ঋণ নিজে প্রচুর শর্ত চাপিয়েছে আইএমএফ। এদিকে বর্তমান পরিস্থিতিতে করাচি বন্দরে থমকে রয়েছে বহু কন্টেনার। কেননা আমদানি বন্ধ রয়েছে সেখানে। থমকে গিয়েছে বহু নির্মাণকাজ। বয়ন কারখানাগুলিও আংশিক ভাবে বন্ধ। এহেন অবস্থায় দু’দেলা দু’মুঠো জোগাড় করাই যেন চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। ডিখারির সংখ্যা বাড়ছে। কর্মছে শ্রমিকের সংখ্যা। মুদ্রাস্ফীতি এতটাই বেড়ে গিয়েছে, যে চিকিটাক উপার্জন করাই চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে সাধারণ মানুষের কাছে। সোনা গিয়েছে, এক ব্যক্তি অল্পত্ব মানুষদের বিসিরানি বিলি করছিলেন। তা দিয়েই আপাতত পেট ভরাচ্ছেন অনেক। উল্লেখ্য, মুদ্রাস্ফীতি, নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম সাধারণ মানুষের নাগালের বাইরে বেড়িয়ে যাচ্ছে। ফলে রাসার গ্যাস, ভোজ্য তেল পাওয়াই যাচ্ছে না ইসলামাবাদে। সংবাদমাধ্যমে প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, সে দেশে পান তেল, সোয়াবিনের তেল ও সানফ্লাওয়ার তেলের অভাবের ঘটনি দেখা দিয়েছে। মিলছে না রাসার তেলও। ব্যবসায়ীদের কাছে মজুত তেলভাণ্ডারেও টান পড়ছে। কি ভাবে তারা এই পরিস্থিতির উমতি করবে তা কার্ফরই জানা নেই।

দেশ, বিন্দাস, দিয়া, বাচ্চা, আলমারির মতো কথাগুলি অক্সফোর্ড অভিধানে জায়গা পেল

লন্ডন, ১ ফেব্রুয়ারি : অক্সফোর্ডের অভিধানে জায়গা পেল মোট ৮০০টি দেশীয় শব্দ। সেই তালিকায় রয়েছে ‘দেশ’, ‘বিন্দাস’, ‘দিয়া’র মতো বহু ভারতীয় শব্দ। ব্রিটিশ অভিধানের তরফে জানানো হল, ইংল্যান্ড ও আমেরিকার পর ভারতীয় ইংরাজিকেই গুরুত্ব দেওয়া হয় তাদের তরফে। তবে লিখিত অভিধান নয়, অডিও অভিধানে জায়গা করে নিয়েছে ভারতীয় শব্দগুলি। জানা গিয়েছে, শুধু ভারত নয়, মোট ১৬টি দেশের ইংরাজি শব্দ রাখাই করা বেশ কটন ছিল বলে জানান ক্যাথারিন। তবে শেষ পর্যন্ত একসঙ্গে অনেকগুলি ভারতীয় শব্দকে অভিধানে জায়গা দিতে পেরে খুবই খুশি অক্সফোর্ডে ইউনিভার্সিটি প্রেসের ব্রিটেন ও আমেরিকা ছাড়াও যেসমস্ত দেশের মানুষ ইংরাজি বলে থাকেন, তাদের শব্দভাণ্ডারকেও নিজেদের অভিধানের অন্তর্ভুক্ত করার উদ্যোগ নে়ে অক্সফোর্ড। এই সংস্কার এডিটর ক্যাথারিন স্যাংস্টার

জানিয়েছেন, আমেরিকা ও ব্রিটেনের পাশাপাশি ভারতীয় ইংরাজিও আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ।

ভারতীয় শব্দগুলির মধ্যে দেশ, বিন্দাস, দিয়া, বাচ্চা, আলমারির মতো কথাগুলি অক্সফোর্ড অভিধানে



রয়েছে। অডিও অভিধানে প্রথমে এই শব্দগুলি শোনা যাবে বলে জানা গিয়েছে। তারপরে ইংরাজি ভাষায় এই শব্দগুলির অর্থ দেখতে পাবেন। ভারত ছাড়া নিউজিল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজের মতো দেশগুলি থেকেও স্থানীয় শব্দ নেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। এই শব্দগুলির মাধ্যমে আরও অনেক মানুষের কাছে ইংরাজি ভাষা পৌঁছে যাবে, এই রকম আশা করছে অক্সফোর্ড কর্তৃপক্ষ।

পঞ্জিকা
 বুধবারের পূর্ণাঙ্গ পঞ্জিকা আজ ১৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ, বুধবার, ইংরেজী ১ ফেব্রুয়ারি ২০২৩, ৫৩৬ চৈতন্যাব্দ, কলি ৫১২৩, সৌর ১৮ মাঘ, চান্দ ১১ গোবিন্দ মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ হিজরম সান্বৎ, ২৫৫৬ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশ ১৮ মাঘ ১৪২৯, ভারতীয় সিভিল ১২ মাঘ ১৯৪৪, মেঠে ১১ ফাইরেন, আসাম ১৭ মাঘ, মুসলিম ১০রজব ১৪৪৪ হিজরী শ্রীভৈরবীজয়া একাদশী সূর্য উদয় সকাল ০৬:১৮:১৬ এবং অস্ত বিকাল ০৫২১৪২। চন্দ্র উদয় দুপুর ০১৩৫৭৭(১) এবং অস্ত শেষ রাাত্রি ০৬৪৩০৫(১)। স্ক্রুত পক্ষ । তিথি একাদশী (নন্দা) বিকাল ৬ ৩৩:৭২৫ দং ২২২৭৩৭.৫ পর্যন্ত নক্ষত্র মৃগশিরা শেষ রাাত্রি ষ ০৪২৮২০ দং ৫৫২৫৫২.৫ পর্যন্ত পরে আর্দ্রা করণ বিষ্টি বিকাল ষ ০৩১৭২৫ দং ২২২৭৩৭.৫ পর্যন্ত পরে বব শেষ রাাত্রি ষ ০৪০০১৪ দং ৫৪১৫৩৭.৫ পর্যন্ত পরে বাবব যোগ ইন্দ্র দুপুর ষ ০১১৮৫৮ দং ১১৩১৩০ পর্যন্ত পরে বৈধৃতি অমৃতযোগ দিন ০৬১৮২২ থেকে - ০৭৪৬৪৯ পর্যন্ত, তারপর ০৯৫৯৩০ থেকে-১১২৭৫৮ পর্যন্ত, তারপর ০৩৩০১০৬ থেকে - ০৪৩৭৩৪ পর্যন্ত এবং রাাত্রি ০৬১৩৩৪ থেকে-০৮৪৮৫৩ পর্যন্ত, তারপর ০১৫৯৩০ থেকে - ০৬১৮২২ পর্যন্ত, মহেশ্বেযোগ দিন ০১৪০৩৯ থেকে০৩৩৯০৬ পর্যন্ত এবং রাাত্রি ০৮৪৮৫৩ থেকে - ১০৩২২৫ পর্যন্ত। কুলিকবোলা দিন ১১২৭৫৮ থেকে-১২১২১১ পর্যন্ত। কুলিকরাাত্রি ১০৩২২৫ থেকে- ১১২৪১১ পর্যন্ত। বারবেলা দিন ১১৫০০৫ থেকে-০১৪৬০০ পর্যন্ত। কালবেলা দিন ০৯০৯১৩ থেকে - ১০২৭০৯ পর্যন্ত। কালরাাত্রি ০৩৩৪১৩ থেকে-০৪৪১১৭ পর্যন্ত। প্রহস্কুটি (সূর্য উদয় কালীন) রবি ৯৬৮২৪০ (২২) ৩ পদ,চন্দ্র ৬৫৬৪০ (২) ১ পদ, মঙ্গল ১১৪৪৪২৫ (৪) ২ পদ, বুধ ৮২১৫৬৪৫ (২৩) ৩ পদ, বৃহস্পতি ১১২৩৩৬ (২৬) ৩ পদ, শুক্র ১০১৩৪৪৭ (২৪) ২ পদ, শনি ৯২৮৪৫৩২ (২৩) ২ পদ।

আবহাওয়া

পূর্বাভাস মূলত আকাশ পরিষ্কার থাকবে। তাপমাত্রা সবেচিৎ ৩০.২ ও (৫) সর্বনিম্ন ১৮.৪০ ও (৩) আর্দ্রাংশিক আর্দ্রতা ৭৬ এবং বৃষ্টিপাত নেই।
জ্যোয়ার সকাল ৭ টা ৪৪ মিনিট এবং রাত ৮ টা ৪২ মিনিট।
ভাটা বেলা ১ টা ২৩ মিনিট এবং রাত ১ টা২২ মিনিট।
সূর্য উদয় সকাল ৫ টা ২৬ মিনিট এবং অস্ত বিকেল ৫টা ৪১মিনিট।

রাশিফল

১ মেঘ রাশিঃ বহুদিনের কোনও ইচ্ছাপূরণ হতে পারে। সন্তানদের বিবাহের পূর্বে তাদের মতামতের গুরুত্ব দেবেন। এই রাশির জাতিকাদের আর্থিক উন্নতি সঙ্গ্ৰব।
২ বুধ রাশিঃ বড় ধরনের কোনও অর্থটনের যোগ নেই। অতিরিক্ত উচ্চাকাঙ্ক্ষা পূরণ না হওয়ার ফলে মানসিক অবসাদ।
৩ মিথুন রাশি : চিকিৎসক, স্বাস্থ্যকর্মীদের জন্য সময়াট শুভ। নিকট আত্মীয়ের সম্পত্তি পাওয়ার ব্যাপারে পারিবারিক আশান্তি দেখা দিতে পারে।

৪ কর্কট রাশিঃসৃজনশীল কাজের সঙ্গে যুক্ত ব্যক্তিদের বাড়তি উপার্জনের হদিশ মিলতে পারে।

৫ সিংহ রাশিঃ বৈহিসাবি খরচের জেরে ঋণশোধের পরিকল্পনা বাধাপ্রাপ্ত হতে পারে। বিগত সপ্তাহের তুলনায় স্ত্রীর স্বাস্থ্যের উন্নতি।

৬ কন্যা রাশি : পাবলিক যানবাহন চালকরা সাবধানে গাড়ি চালান। নচেৎ দুর্ঘটনায় পড়তে পারেন।

৭ তুলা রাশিঃ বহুদিনের কোনও আশাপূরণ হতে পারে। নতুন যানবাহন ক্রয়ের ক্ষেত্রে সময়াট শুভ।

৮ বৃশ্চিক রাশি : সপ্তাহের শেষাভ্যে কোনও মূল্যবান সামগ্রী হারিয়ে ফেলতে পারেন। আত্মীয়ের সম্পত্তি পাওয়ার ব্যাপারে পারিবারিক অশান্তি

৯ ধনু রাশিঃ বয়স্ক ব্যক্তির। পুরনো বস্তুবান্ধবের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করুন। এতে মানসিক অবসাদ কেটে যাবে।

১০ মকর রাশিঃ দাঁতের রোগে কষ্ট পেতে পারেন। পুরনো দিনের কোনও ঋণ এই সময় আদায় হতে পারে।

১১কুম্ভ : প্রাথমিক বিদ্যার ক্ষেত্রে বাচ্চাদের অমনোযোগিতার ফলে পরীক্ষার ফল আশানুরূপ হবে না।

১২ মীন রাশি : জীবনে প্রতিষ্ঠিত হবে। সপ্তাহের শেষাভ্যে পরিবারের সঙ্গে ছোটখাটো ভ্রমণের ব্যবস্থা করুন। আমদানিরগুণনি ব্যবসায় বাড়তি সাফল্য লক্ষ্য করা যায়। বিগত সপ্তাহের তুলনায় স্ত্রীর স্বাস্থ্যের উন্নতি।

গোপাল, তাপস ও কুন্তলকে দীর্ঘক্ষণ জেরা ইউি-র, ৭ দিনের মধ্যে সমস্ত নথি জমা দিতে নির্দেশ

দুরন্ত বার্তা, কলকাতা, ১ ফেব্রুয়ারি : শিক্ষক নিয়োগ দুর্নীতির তদন্তে সল্টলেকের সিজিও কমপ্লেক্সে গোপাল দলপতি, তাপস মণ্ডল এবং কুন্তল ঘোষকে দীর্ঘক্ষণ জিজ্ঞাসাবাদ করল প্রবর্তন নির্দেশনায় (ইউি)। প্রায় ১২ ঘণ্টা জেরার শেষে বুধবার ভোররাত ১.২০ মিনিট নাগাদ তাপস ও গোপালকে ইউি-র দফতর থেকে বেরিয়ে যেতে দেখা যায়। ইউি সূত্রের খবর, গোপালের কাছে বেশ কিছু নথি চেয়েছেন ইউি আধিকারিকরা। আগামী ৭ দিনের মধ্যে সেই সমস্ত নথি জমা করতে বলা হয়েছে। শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগের তদন্তে ইউি-র মুখোমুখি হতে মঙ্গলবার সকালে সল্টলেকের সিজিও কমপ্লেক্সে একসঙ্গে হাজির হন গোপাল এবং তাপস। বুধবার ভোররাতে দু'জনকে ইউির অফিস থেকে বার হতে দেখা যায়। গোপাল দলপতি, তাপস মণ্ডল এবং কুন্তল ঘোষকে দীর্ঘক্ষণ জিজ্ঞাসাবাদ করেন ইউি-র আধিকারিকরা। ইউি-র দফতর থেকে বেরানোর সময় তাপস ও গোপাল উভয়েই দাবি করেন, তাঁরা তদন্তে সহযোগিতা করছেন।

মহার্ঘ্যভাতার দাবিতে ২ ঘন্টা কর্মবিরতি পালন কর্মচারীদের



দুরন্ত বার্তা, উলুবেড়িয়া, ১ ফেব্রুয়ারি : মহার্ঘ্যভাতার দাবিতে ২ ঘন্টা কর্মবিরতি পালন করল উলুবেড়িয়া ১ নং বিভিও অফিসের কর্মচারীরা। বুধবার দুপুর ২টার পর

শিয়ালদহে রেলের পার্সেল বুকিং বিভাগে ভিজিল্যান্সের হানা, উদ্ধার লক্ষাধিক টাকা

দুরন্ত বার্তা, কলকাতা, ১ ফেব্রুয়ারি : শিয়ালদায় রেলের পণ্য বুকিংয়ের স্থল (আউট ওয়ার্ড কার্টার) থেকে হিসাব বহির্ভূত ১ লক্ষ ৬২ হাজার টাকা উদ্ধার করল পূর্ব রেলের ভিজিল্যান্স বিভাগের আধিকারিকরা। তদন্তকারী আধিকারিকদের কথায়, এটা ফিলশেলের চড়া মাত্রা। রোজই এমন বাড়তি টাকা সরিয়ে ফেলা হয়। গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালানোর তা ধরা সম্ভব হয়েছে। যুধুর বাসা শিয়ালদহ পার্সেল, অভিযোগে উঠেছিল আসেই। পাশাপাশি আগে এলে আগে বুকিং, এই নিয়ম ভেঙে পরে আসা পাটির পণ্য যাতায়াতের ব্যবস্থা করেও বাতি টাকা আদায় হয় বলে ভিজিল্যান্সের মত। দৈনিক এই বেআইনি কারবারের কথা রেলকর্তাদের একাংশের জানা। যদিও শিয়ালদহের ডিআরএম এসপি সিং বলেন, বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে। পার্সেল বিভাগে দীর্ঘদিন ধরে প্রভাব খাটিয়ে এক শ্রেণির কর্মীরা এই দুর্নীতি চালিয়ে যাচ্ছে বলে অভিযোগ। সব পার্সেল ডিপোগুলি আজ একই অবস্থা বলে পূর্ব রেলের ভিজিল্যান্স বিভাগ সূত্রে হানা গিয়েছে। এভাবে রেলে আয় ব্যাহত হওয়ায় চিন্তিত রেল।

চলন্ত ট্রেনের কামরায় মহিলার কান থেকে সোনার দুল ছিনতাই

দুরন্ত বার্তা, ক্যানিং, ১ ফেব্রুয়ারি : শিয়ালদহ দক্ষিণ শাখার ঘূটমারী শরীফ স্টেশনে চলন্ত ট্রেনের কামরা থেকেই এক মহিলার কান ছিড়ে সোনার দুল ছিনিয়ে নিয়ে গেল দুষ্কৃতীরা। ঘটনাটি ঘটেছে বুধবার সকালে। ঘটনায় ট্রেনের কামরায় অন্যান্য যাত্রীদের মধ্যে জানকী চাক্সল ছড়িয়ে পড়ে। ঘটনার বিষয়ে ক্যানিং জিআরপিতে অভিযোগ জানিয়েছেন মহিলা। ঘটনার তদন্ত শুরু করেছে ক্যানিং জিআরপি। জানা গিয়েছে, প্রত্যন্ত সুন্দরবনের গোসাবা রকের কচুখালির বাসিন্দা গৃহবধূ অশ্রুণা মণ্ডল। তাঁর এক সন্তান সোনারপুর এলাকায় থেকে পাশোনা করে। ছেলে অসুস্থ হওয়ায় পুকুরের কই মাছ নিয়ে ছেলের কাছে গিয়েছিলেন সোমবার। সঙ্গে ছিলেন মেয়ে অঞ্জু মণ্ডল ও শিশুর দুলাল চন্দ্র মণ্ডল। বুধবার সকালে সোনারপুর স্টেশন থেকে ক্যানিং লোকালে ফিরছিলেন তাঁরা। অভিযোগ, ঘূটমারীশরীফ স্টেশন থেকে ট্রেন ছাড়তেই এক দুষ্কৃতী অশ্রুণাকার ডান কান ছিড়ে সোনার দুল নিয়ে চলন্ত ট্রেন থেকে ঝাঁপ দিয়ে চম্পট দেয়। রক্ত বরতে থাকে বধূর কান থেকে। ক্যানিং চলন্ত ট্রেনের কামরায় চাক্সল্য পুলিশে পড়ে। পরে ট্রেনটি ক্যানিং স্টেশন আসলে সেখানে জিআরপি ছড়িয়ে অভিযোগ করেন ওই মহিলা। তাঁর শিশুর ও মেয়ে তাঁকে চিকিৎসার জন্য ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে আসেন।

গ্রাহকদের হাজার হাজার টাকা আঙুলের ছাপ দেওয়ার পরে গায়েবের অভিযোগে তীর বিক্ষোভ

বনস্পতি দে, হুগলি, ১ ফেব্রুয়ারি : হুগলির গোঘাটের একটি রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের হাজিপুর শাখার ছোট শাখা ব্যাংকের বিরুদ্ধে টাকা আত্মসাৎ এর অভিযোগে উঠল সেখানে গ্রাহকরা। তুলতে গেলে তাদের টাকা তারা না পেয়ে তীর ক্ষোভে ফেটে পড়লেন এবং হাজার হাজার পাখির ব্যাংকের ম্যানেজারকে ঘেরাও করে তীর বিক্ষোভ দেখানেন পরে ম্যানেজারের আশ্রয়ে ঘেরাও বিক্ষোভ উঠে যায়। গ্রাহকদের অভিযোগ দিনের পর দিন এই পিএসপি শাখায় কেউ একাউন্ট করতে গেলে হয় না যে ওই শাখা ব্যাংকে দায়িত্ব নিয়েছে তার কাছে টাকা তুলতে গেলে সে দুবার তিনবার টিপসই নিয়ে বা আঙুলের ছাপ নিয়ে বলে তোমাদের টাকা ব্যাংকে নেই। এক গ্রাহকের ৬০ হাজার টাকা লোপাট এরকমভাবে বেশকিছু গ্রাহকের হাজার হাজার টাকার গায়েব হয়েছে বলে অভিযোগ। মহিলা গ্রাহকরা একই অভিযোগ করলেন গ্রাহকদের বক্তা এর ভিজিট করতেনই হবে হাজিপুর শাখার স্টেট ব্যাংকের ম্যানেজারের কাছে তারা বিক্ষোভ দেখালেন বুধবার সারাদিন ধরে পরে ম্যানেজার তাদের আশ্বাস দিয়ে বলেছেন তাদের টাকা ধারা ফেরত পাবেন আর যে ছোট ব্যাংকের দায়িত্ব নিয়েছেন যিনি তার হদিস নেই বলে গ্রাহকরা জানাচ্ছেন।

ভারতীয় উপকূল রক্ষী বাহিনীর লক্ষ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ১ ফেব্রুয়ারি : ভারতীয় উপকূল রক্ষী বাহিনী ২০২৫ সালের মধ্যে নজরদারি জাহাজের সংখ্যা ২০০ এবং বিমানের সংখ্যা ৮০তে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা নিয়েছে। উপকূল রক্ষী বাহিনীর ৪৭তম উত্থাপন দিবসের প্রাক্কালে কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বাহিনীর উত্তর-পূর্ব অঞ্চলের কমান্ডার আইজি ইক্বাল সি চৌহান জানিয়েছেন, ১৯৭৭ সালের ১ ফেব্রুয়ারি মাত্র ৭টি সাইন্স জাহাজ নিয়ে উপকূল রক্ষী বাহিনীর প্রতিষ্ঠা হয়েছিল। বর্তমানে বাহিনীর কাছে অধীনে ১৫৮ টি জাহাজ এবং ৭৮টি বিমান রয়েছে। মেক ইন ইন্ডিয়ার উদ্যোগ সম্পর্কে শ্রী চৌহান বলেন, বাহিনীর বেশিরভাগ জাহাজগুলি দেশীয় প্রযুক্তিতে তৈরি। এবছর ছটি জাহাজ চালু করা হয়েছে এবং প্রায় ২১টি জাহাজ এখনই নির্মাণ প্রক্রিয়ায় রয়েছে। তিনি জানান, ভারতীয় উপকূল রক্ষী বাহিনী বিশ্বের চতুর্থ বৃহত্তম উপকূল রক্ষী বাহিনীতে পরিণত হয়েছে। প্রতিষ্ঠার সময় থেকে এক পর্বন্ত ১১ হাজারের বেশি মানুষের জীবন বাচিয়েছে। এর মধ্যে শুধুমাত্র গত বছর ২৭৯ জনের প্রাণ বাচিয়েছে। এছাড়া গতবছর চোরачালান বিরোধী অভিযানে প্রায় ৭৮জন চোরা শিকারীকে আটক এবং প্রচুর পরিমাণে মাদকদ্রব্য উদ্ধার করা হয়েছে।

শীতের আমেজও উধাও কলকাতা-সহ দক্ষিণবঙ্গে

সাদা বরফের এই ভূস্বর্গ এ দেশের উত্তরপূর্বাঞ্চলের সম্পদ

যেদিকে চোখ যায় শুধুই সাদা বরফ আর বরফ। পাইন গাছের পাতায় আস সবুজের কোনও চিহ্ন নেই। যেন প্রকৃতি পরম স্নেহে সাদা চাদরে প্রিয় জায়গাটি ঢেকে দিয়েছে। না সুইজারল্যান্ড বা কাশ্মীরের কথা এখানে বলা হচ্ছে না, হিমাচল প্রদেশ কিংবা দার্জিলিং-গ্যাংটকেরও কথা হচ্ছে না। এ ছবি অসামান্য উত্তরপূর্ব ভারতের। জয়গাটির নাম জানা কি সম্ভব। উত্তরটা বলতে পারা বেশ মুশকিল। কারণ এখনও পর্যটকদের কাছে

সেভাবে পরিচিতি পাযনি উত্তরপূর্ব ভারতের এই ভূ স্বর্গ। তবে তা নাগাল্যান্ডের মন্ত্রী তেমনজেন ইমনা আলংয়ে নজরে পড়ে গেছে। তিনিই এই অপরূপ ছবিগুলি টুইটারে শেয়ার করেন। জয়গাটি রয়েছে অরুণাচল প্রদেশে। সে রাজ্যের দিবাং উপত্যকা জেলার সদর দপ্তর। নাম আনিমি। সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় সাড়ে ছ’হাজার ফুট উপরে অবস্থিত আনিমি। যেন মেঘদের আপন দেশে। যেখানে অতৃত এক



শান্তি বিরাজ করে। আর শীতকালে কেমন। এমন শ্রৌতপুজ বরফের আচ্ছাদন আনিমির সৌন্দর্য আরও বাড়িয়ে দেয়। এই সৌন্দর্য্যে মুগ্ধ হয়ে তেমনজেন ইমনা আলং টুইটারে অরুণাচলের মুখ্যমন্ত্রী ট্যাগ করে লেখেন, ইয়ে হাসি ওষাদিা! এটা কিস্তি সুইজারল্যান্ড বা কাশ্মীর নয়! এটা আনিমির নতুন চিহ্ন রিস্ট। কী অপরূপ দেখতে!

পেনা কুণ্ডুজি আমায় কখন এখানে ডাকছেন বলুন তো? নিজের টুইটে অরুণাচল বরফের পর্যটন সাইটের লিঙ্কও শেয়ার করেছেন তেমনজেন ইমনা আলং। আনিমির কাছেই রয়েছে মেহায়ো ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারি। তাও পর্যটকদের কাছে বড় আকর্ষণ। আদিবাসী গ্রামে আবার স্থানীয়রা ক্যাম্প করেও যান। তাই অরুণাচল যাওয়ার পরিকল্পনা থাকলে এই জায়গা অবশ্যই যেতে পারেন। খুব ভালে লাগবে।



শ্রী দীপক কুমার ঝা, দক্ষিণ-পূর্ব রেলের নতুন প্রধান অপারেশন ম্যানেজার।

আবার জঙ্গি হামলা পাকিস্তানে, মসজিদের পর নিশানায় থানা

লাহোর, ১ ফেব্রুয়ারি : আবার জঙ্গি হামলা পাকিস্তানে। মসজিদের পর এবার থানায় হামলা চালাল জঙ্গিরা। পঞ্জাব প্রদেশের মিয়াওওয়ালি জেলায় ঘটনাটি ঘটেছে। পুলিশ সত্রে খবর, মঙ্গলবার রাত্রে ২০-২৫ জন জঙ্গি মিয়াওওয়ালি থানা ঘিরে ফেলে। এরপর থানায় ঢুকে পুলিশকর্মীদের লক্ষ্য করে এলোপাটাড়ি গুলি চালাতে থাকে। আচমকা এই ঘটনায় প্রথমে হতচাকিত হয়ে পড়লেও পরে পরিস্থিতি সামাল দেয় পুলিশ। পাল্টা জবাব দেয় তারা। দু'পক্ষের মধ্যে তুমুল গুলির লড়াই চলে। পাল্টা আক্রমণের মুখে পড়ে থানা ছেড়ে পালায় জঙ্গিরা। পঞ্জাব পুলিশের জানানো হয়েছে, জঙ্গিরা অত্যাধুনিক অস্ত্র নিয়ে হামলা চালিয়েছিল। তাদের যোগ্য জবাব দিয়েছেন পুলিশকর্মীরা। পাল্টা গুলিতে বেশ কয়েক জন জঙ্গি আহত হয়েছে। তবে কোনও জঙ্গিগোষ্ঠী এখনও এই হামলার দায় স্বীকার করেনি। এদিকে, পাকিস্তানের পেশোয়ারে মসজিদে বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১০০। পাক পুলিশের তদন্তে উঠে এসেছে, কাউকে বার্তা দিতে নয়, বদলা নিতেই পাকিস্তানের মসজিদে বিস্ফোরণ ঘটানো হয়েছে। জঙ্গিবিমোর্ধী কার্যকলাপ চালানো পুলিশের মনোবল ভেঙে দেওয়াই এই হামলার উদ্দেশ্য ছিল বলে মনে করছে পেশোয়ার পুলিশ।

বেতনভুক্ত কর্মচারী ও পেনশনারদের জন্য স্ট্যান্ডার্ড ডিডাকশনের সুবিধা বৃদ্ধি

নয়াদিল্লি, ১ ফেব্রুয়ারি : দেশের কর্তার পরিশ্রমী মধ্যবিত্ত শ্রেণীকে সুবিধা দেওয়ার লক্ষ্যে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন ২০২৩-২৪ এর কেন্দ্রীয় বাজেটে আয় করের ক্ষেত্রে ৫টি উল্লেখযোগ্য ঘোষণা করেছেন। এই ঘোষণাগুলির মধ্যে আয় করে ছাড়, কর কাঠামোয় পরিবর্তন, স্ট্যান্ডার্ড ডিডাকশনের সুবিধা, সফ্ট্‌চি সার চার্জের হার কমানো, বেসরকারী ক্ষেত্রে বেতনভুক্ত কর্মচারীদের জন্য ছুটি বিক্রির কর মুক্ত অর্থের সীমা বৃদ্ধি প্রভৃতি রয়েছে। আয় করের ক্ষেত্রে রিবেটের প্রসঙ্গে অর্থমন্ত্রী নতুন প্রস্তাবিত কর ব্যবস্থায় ৭ লক্ষ টাকা পর্যন্ত রিবেট প্রদানের কথা জানিয়েছেন। অর্থা নতুন কর ব্যবস্থায় ৭ লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ের কোনো ব্যক্তিতে আয় কর দিতে হবে না। বর্তমানে ৫ লক্ষ টাকা পর্যন্ত আয়ের ওপরে আয় কর দিতে হয়। মধ্যবিত্তদের ব্যক্তিগত আয় করের ক্ষেত্রে সুবিধা দিতে সীতারমন নতুন প্রস্তাবিত কর ব্যবস্থায় কর কাঠামোর ৫ টি স্তর ঘোষণা করেছেন এবং ৩ লক্ষ টাকা পর্যন্ত কর ছাড়ের সুবিধা দেওয়ার প্রস্তাব করেছেন। এই প্রস্তাবের ফলে সমস্ত স্তরের করদাতারা উপকৃত হবেন। ৯ লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ের কোনো ব্যক্তিকে বছরে মাত্র ৪৫ হাজার টাকা কর দিতে হবে, যা তার মোট আয়ের ৫ শতাংশ। এর আগে ওই ব্যক্তিকে ৫০ হাজার টাকা কর দিতে হত। অর্থাৎ নতুন প্রস্তাবে তার কর ২৫ শতাংশ কমবে। অনুরূপভাবে ১৫ লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ের কোনো ব্যক্তিকে মাত্র দেড় লক্ষ টাকা কর দিতে হবে, যা তার মোট



আয়ের মাত্র ১০ শতাংশ। আগে এই আয়ের জন্য তাকে ১ লক্ষ ৮৭ হাজার ৫০০ টাকা কর দিতে হত। অর্থা নতুন প্রস্তাবে তিনি ২০ শতাংশ কম কর দেবেন। অর্থমন্ত্রী তৃতীয় প্রস্তাবে বেতনভুক্ত শ্রেণী ও পারিবারিক এবং সাধারণ পেনশনারদের জন্য স্ট্যান্ডার্ড ডিডাকশনের সুবিধা বৃদ্ধি করা হয়েছে। ১৫.৫ লক্ষ টাকা বা তার বেশি আয়ের কোনো বেতনভুক্ত কর্মচারী এর ফলে ৫২ হাজার ৫০০ টাকার সমতুল্য সুবিধা পাবেন। বর্তমানে স্ট্যান্ডার্ড ডিডাকশন বেতনভুক্ত কর্মচারীদের ডিডাকশনের সুবিধা বৃদ্ধি করা হয়েছে। ১৫.৫ লক্ষ টাকা বা তার বেশি আয়ের কোনো বেতনভুক্ত কর্মচারীদের জন্য ছুটি বিক্রির কর মুক্ত অর্থের সীমা ২৫ লক্ষ টাকা করা হয়েছে। বর্তমানে এর পরিমাণ ৩ লক্ষ টাকা রয়েছে। বাজেটে নতুন কর প্রস্তাবকে করদাতাদের জন্য ঐচ্ছিক করা হয়েছে। অর্থা কোনো নাগরিক বা করদাতা চাইলে পুরনো কর ব্যবস্থার সুযোগ নিতে পারবেন।

পাথারকান্দিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের পরিচালন কমিটি গঠিত

অসম, ১ ফেব্রুয়ারি : অসম মাধ্যমিক শিক্ষা পৰ্যদ (সেবা) এবং আসাম হায়ার সেকেণ্ডারি এডুকেশন কাউন্সিল (এএইচএসইসি) পরিচালিত ২০২৬-এর চূড়ান্ত বর্ষের পরীক্ষা সুন্দর ও সুস্হভাবে সম্পন্ন করতে অন্যান্য বছরের মতো এবারও পাথারকান্দি মডেল হায়ার সেকেন্ডারি স্কুলে গঠন করা হয়েছে পরীক্ষা কেন্দ্র পরিচালন কমিটি। এই উপলক্ষ্যে স্কুলের অধ্যক্ষ জ্যোতির্ময় নাথের পৌরোহিত্যে অনুষ্ঠিত সভায় স্কুল পরিচালন সমিতির চেয়ারম্যান তথা পাথারকান্দির বিধায়ক কৃষ্ণেন্দু পালকে সভাপতিত্ব হিসেবে মনোনীত করে সিদ্ধার্থশেখর মানচৌধুরী, গৌরহরি দাস, বিষ্ণুচৌধি সিংহ, বিজয় বণিক, সুরঞ্জন দাস, সরলা শর্মা, নরেন্দ্ৰদত্ত

দাস, সুহৃদ সিংহ, সাব্বির আহমেদ, বিশ্বপ্রিয় দাস সহ সরকারি বিভিন্ন বিভাগের পদাধিকারী হিসেবে পাথারকান্দির খণ্ড প্রাথমিক শিক্ষা আধিকারিক অজয়ভূষণ দাস, পাথারকান্দির এসডিএমও ড. বসন্তকুমার সিং, পাথারকান্দি থানার ওসি ইনস্পেক্টর সমরজি বসুমতাৰি, স্থানীয় পোস্টে অফিসের পোস্টমাস্টার, প্রতিটি ফিডার স্কুল প্রধানদের সসম্য মনোনীত করে মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র পরিচালন কমিটি গঠন করা হয়। একইভাবে প্রবীণ শিক্ষাবিদ তথা মডেল হায়ার সেকেন্ডারি স্কুলের প্রাক্তন অধ্যক্ষ শ্যামাপদ দে-কে সভাপতিত্ব ও রণবীর দাস, ময়নুল হক, পৃথ্বীৱাজ সিংহ, রাজীব ব্যানার্জি, ত্ৰেণুকা সিংহ, অলকা দেবনাথ, কৃষ্ণেন্দু দাসগুপ্ত, গোপেন্দ্ৰদাস সিনহাকে হিসাবরক্ষক

হিসেবে মনোনীত করে উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র পরিচালন কমিটি গঠন করা হয়েছে। সভায় স্কুলের অধ্যক্ষ জ্যোতির্ময় নাথ বক্তব্য পেশ করতে গিয়ে বলেন, এবার এই পরীক্ষা কেন্দ্রের অধীন মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ১,১৬২ জন এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ৮৯৬। পরীক্ষার্থীদের সংখ্যা অধিক হওয়ায় মূল পরীক্ষা কেন্দ্রের সঙ্গে পার্শ্ববর্তী যামিনীমোহন বালিকা বিদ্যালয় এবং প্রেমময়ী সিনিয়র বেসিক মডেল স্কুলকে উপকেন্দ্র হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। আসন্ন দুটি চূড়ান্ত পরীক্ষাকে সুন্দর, সুস্হ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে তিনি নগরগতিতে কমিটি দুটির সঙ্গল কর্মগতিদের সার্বিক সহযোগিতা কামনা করেছেন।

পরিকাঠামোর উন্নয়নমূলক কাজের জন্য ট্রেন বাতিল ও পথ পরিবর্তন



নং. ১২৩৪৫ (হাওড়া – গুয়াহাটি) শরাইঘাট এক্সপ্ৰেস, ট্রেন নং. ১৩১৬১ (কলকাতা – বালুরঘাট) তেভাগা এক্সপ্ৰেস ও ট্রেন নং. ১৩১৪৭ (শিয়ালদহ – বামনহাট) উত্তরবঙ্গ এক্সপ্ৰেস বাতিল থাকবে। ১০ ফেব্রুয়ারি, ২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১২৩৬৩ (কলকাতা – হলদিবাড়ী) এক্সপ্ৰেস ও ০৫ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১২৩৬৪ (হলদিবাড়ী – কলকাতা) এক্সপ্ৰেস বাতিল থাকবে। ০৯ ফেব্রুয়ারি, ২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১২০৪১ / ১২০৪২ (হাওড়া – নিউ জলপাইগুড়ি – হাওড়া) শতাব্দী এক্সপ্ৰেস, ট্রেন নং. ১২৩৪৫ (হাওড়া – গুয়াহাটি) শরাইঘাট এক্সপ্ৰেস, ট্রেন নং. ১৩১৬১ (কলকাতা – বালুরঘাট) তেভাগা এক্সপ্ৰেস ও ট্রেন নং. ১৩১৪৭ (শিয়ালদহ – বামনহাট) উত্তরবঙ্গ এক্সপ্ৰেস বাতিল থাকবে। ১০ ফেব্রুয়ারি, ২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১২৩৪৬ (গুয়াহাটি – হাওড়া) শরাইঘাট এক্সপ্ৰেস, ট্রেন নং. ১৩১৬২ (বালুরঘাট – কলকাতা) তেভাগা এক্সপ্ৰেস ও ১৩১৪৮ (বামনহাট – শিয়ালদহ) উত্তরবঙ্গ এক্সপ্ৰেস বাতিল থাকবে। ট্রেনের পথ পরিবর্তন ৪ ফেব্রুয়ারি রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১২৫০৪ (আগরতলা – এসএমভিডি বেঙ্গালুরু) এক্সপ্ৰেস, ট্রেন নং. ১২৫১২ (কামাখ্যা – লোকমান্য তিলক টার্মিনাল) এক্সপ্ৰেস, ট্রেন নং. ১৫৯০৬ (ডিব্ৰুগড় – কামাকুমারী) এক্সপ্ৰেস এবং ৫ ফেব্রুয়ারি রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১২৫১০ (গুয়াহাটি – এসএমভিডি বেঙ্গালুরু) এক্সপ্ৰেস নিউ ফারাকা জং. – আজিমগঞ্জ জং. – কাটোয়া জং. – ব্যান্ডেল জং. – হাওড়া জং. – আব্দুল হয়ে পথ পরিবর্তন করে চলবে এবং আজিমগঞ্জ জং., কাটোয়া জং., ব্যান্ডেল জং. ও হাওড়া জং.-এ অতিরিক্ত স্টপেজ থাকবে। ৪ ফেব্রুয়ারি রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১৩১৭৪ (আগরতলা – শিয়ালদহ) এক্সপ্ৰেস এবং ৬ ফেব্রুয়ারি রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১৩১৭৬ (শিলচর – শিয়ালদহ) এক্সপ্ৰেস, ট্রেন নং. ১২৬৪৪ (হলদিবাড়ী – শিয়ালদহ) দার্জিলিং মেইল নিউ ফারাকা জং. –আজিমগঞ্জ জং. – কাটোয়া জং. – ব্যান্ডেল জং. – নৈহাটী জং. হয়ে পথ পরিবর্তন করে চলবে এবং আজিমগঞ্জ জং., কাটোয়া জং. ও ব্যান্ডেল জং.-এ অতিরিক্ত স্টপেজ থাকবে। ৪ ফেব্রুয়ারি রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১২৩৬৩ (কলকাতা – হলদিবাড়ী) এক্সপ্ৰেস, ট্রেন নং. ১২৩৪৬ (শিয়ালদহ – হলদিবাড়ী) দার্জিলিং মেইল, ট্রেন নং. ১৩১৪৯ (শিয়ালদহ – আলিপুরদুয়ার) এক্সপ্ৰেস এবং ৫ ও ৯ ফেব্রুয়ারি রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১৩১৭৩ (শিয়ালদহ – আগরতলা) এক্সপ্ৰেস নৈহাটী জং. – ব্যান্ডেল জং. – কাটোয়া জং. – আজিমগঞ্জ জং. – নিউ ফারাকা জং. হয়ে পথ পরিবর্তন করে চলবে এবং ব্যান্ডেল জং., কাটোয়া জং. ও আজিমগঞ্জ জং.-এ অতিরিক্ত স্টপেজ থাকবে। ৭ ফেব্রুয়ারি রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১২৫০৭ (তিরুবনন্থপুরম – শিলাচর) এক্সপ্ৰেস আব্দুল – হাওড়া জং. – ব্যান্ডেল জং. – কাটোয়া জং. – আজিমগঞ্জ জং. – নিউ ফারাকা জং. হয়ে পথ পরিবর্তন করে চলবে এবং হাওড়া জং., কাটোয়া জং., ব্যান্ডেল জং. ও আজিমগঞ্জ জং.-এ অতিরিক্ত স্টপেজ থাকবে।

উত্তর পূর্ব রেলের আউন্ডিহার-জৌনপুর সেকশনের বিদ্যুতায়নের কাজ সম্পন্ন

গোরখপুর, ০১ ফেব্রুয়ারি: উত্তর- পূর্ব রেলওয়ে বারানসী বিভাগের আউন্ডিহার – জৌনপুর সেকশনের মুক্তিগঞ্জ– জৌনপুর সেকশনের দ্বিগুণ ও বিদ্যুতায়নের কাজ সম্পন্ন হয়েছে। রেলওয়ে নিরাপত্তা কমিশনার, নর্থ ইস্ট সার্কেল ০২ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে এই দ্বিগুণ এবং বিদ্যুতায়িত রেল বিভাগটি পরিদর্শন করবেন এবং গতি পরীক্ষা করা হবে। পরিদর্শন এবং গতি পরীক্ষা চলাকালীন এই দ্বিগুণ এবং বিদ্যুতায়িত রেললাইনে সাধারণ জনগণকে না যেতে বা তাদের পশুদের ট্রাকে যেতে না দেওয়ার জন্য রেল প্রশাসনের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।

জম্মু ও কাশ্মীরের গুলমার্গে তুবারখসে দুই বিদেশী নাগরিকের মৃত্যু, উদ্ধার ১৯ জন

শ্রীনগর, ১ ফেব্রুয়ারি : জম্মু ও কাশ্মীরের বারামুল্লা জেলার গুলমার্গে তুবারখসে প্রাণ হারালেন দু’জন বিদেশী নাগরিক। এছাড়াও ১৯ জন বিদেশী নাগরিককে নিরাপদে উদ্ধার করা হয়েছে। বুধবার গুলমার্গের স্কি রিসর্টের আফারওয়াত চূড়ায় তুবারখসের নীচে চাপা পড়ে অন্তত দু’জনের মৃত্যু হয়েছে। বারামুল্লা পুলিশ জানিয়েছে, উত্তর কাশ্মীরের বারামুল্লা জেলার গুলমার্গের স্কি রিসর্টের আফারওয়াত চূড়ায় তুবারখসের নীচে চাপা পড়ে অন্তত দু’জনের মৃত্যু হয়েছে। খবর পাওয়ার কিছুক্ষনের মধ্যেই শুরু হয় উদ্ধারকাজ। বরফের নীচ থেকে দু’জনের দেহ উদ্ধার হয়েছে ও ১৯ জনকে নিরাপদে উদ্ধার করা হয়েছে। হতাহতরা সকলেই বিদেশী নাগরিক বলে জানা গিয়েছে।

গোরক্ষপুরে পৌঁছল দুটি দেব শিলাখণ্ড

উত্তরপ্রদেশ, ১ ফেব্রুয়ারি : নেপালের কালী গুপ্তকী নদী থেকে প্রাপ্ত ছয় কোটি বছরের পুরন শালিগ্রাম পাথরের দুটি দেব শিলাখণ্ড গোরক্ষপুরে পৌঁছেছে। দেবশিলা রথ গোরক্ষপুর মন্দিরে পৌঁছানোর সঙ্গে সঙ্গেই জয় শ্রী রাম ধ্বনিতে মুখরিত হয় মন্দির চত্বর। বুধবার দেব শিলা পূজা করবেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। এর পর রথটি অযোধ্যা উদ্দেশ্যে রওনা হবে। শ্রী রাম জন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্টের

সাধারণ সম্পাদক চম্পত রাই মঙ্গলবার অযোধ্যায় বলেন, দুটি দেব শিলাখণ্ডের আধ্যাত্মিক তাৎপর্য রয়েছে। তিনি বলেন, নেপালে কালী গুপ্তকী নামে একটি জলপ্রপাত রয়েছে। এটি দামোদর কুন্ড থেকে উৎপন্ন হয়েছে এবং গুপ্তকী থেকে প্রায় ৮-৫ কিমি উত্তরে গাশেপুর ধাম। এই দুটি দেব শিলাখণ্ড সেখান থেকে আনা হয়েছে। এই স্থানটি সমুদ্রপৃষ্ঠ থেকে ৬,০০০ ফুট উচ্চতায় অবস্থিত। তিনি বলেন, গোরক্ষপুরে প্রার্থনা করার পরে, দুটি দেব শিলাখণ্ড ২ ফেব্রুয়ারি অযোধ্যা মন্দিরে হস্তান্তর করা হবে।

I, Subrata Chakrabarty residing at Manickpur, Naskarpara, Ward No.23, P.O. Harinavi, P.S. Sonarpur, Dist.- South 24 Parganas, Kolkata – 700148 declares through affidavit from Judicial Magistrate, Baruipur, South 24 Parganas vide dated 31.01.2023 that as per Aadhar Card the actual and correct spelling of my name is Subrata Chakrabarty, which is wrongly recorded as Subrata Chakrabarty in my Passport vide no.L4057953. Subrata Chakrabarty and Subrata Chakrabarty is one & same identical person.	Name Change I, MD SDIQUE S/o Late Nasrudin Man, R/o H/No. 45, BL No-7, Kankinara, PO- Kankinara, PS-Bhatpara, Dist-North 24 Pgs- 743126, do hereby declare vide affidavit of 1st Class Judicial Magistrate Barrackpore That my name is wrongly written in my Aadhaar card and Pan Card as Gulam Sadique and also in my voter I Card CRT0 278101 wrongly written as Gulam Siddique Md Sadique S/o Nasrudin and Gulam Siddique S/o Late Nasrudin is same and one identical person.
Name Change I, PUJA SARKAR (old name) D/O SUSHIL SARKER Resident of 89, Laxmi Narayan Road, Rabindranagar, Barrackpore- 700065 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as)SINTHIA SARKER, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. PUJA SARKAR and SINTHIA SARKER both are same and one identical person.	Name Change I, SONALAKHSMI SARKAR (old name) W/O SUSHIL SARKAR Resident of 89, Laxmi Narayan Road, Rabindranagar, Barrackpore- 700065 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as)SIMA SARKAR, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02 2023. SONALAKHSMI SARKAR and SIMA SARKAR both are same and one identical person.
Name Change I, LAKHSMAN SARKAR (old name) S/O MAHAPRASAD SARKAR Resident of 89, Laxmi Narayan Road, Rabindranagar, Barrackpore- 700065 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) SUSHIL SARKER, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. LAKHSMAN SARKAR and SUSHIL SARKER both are same and one identical person.	Name Change I, MILAN KARMAKAR (old name) S/O LATE AMAL KARMAKOR Resident of Maicel Nagar, Nebadhai, PO & PS - Duttapukur, Dist-24 Parganas (North), Pin- 743248 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) MILON KARMAKOR, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. MILAN KARMAKAR and MILON KARMAKOR both are same and one identical person.
Name Change I, SHAMIR KUMAR GHOSH (old name) S/O SANJIB KUMAR GHOSH Resident of 9, DOVER LANE, FLAT NO-1 N, KOLKATA- 700029 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) SAMIR KUMAR GHOSH, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02 2023. SHAMIR KUMAR GHOSH and SAMIR KUMAR GHOSH both are same and one identical person.	Name Change I, SOHAME AGARWAL (old name) F/N PRAMOD KUMAR AGARWAL Resident of Balagee Ganges, BL-D, 202, 105D, Bidhanagar Road, Uttadanga Main Road, PO-Ulta Danga, PS ManikTala, Kolkata- 700067 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) SOHAM AGARWAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. SOHAME AGARWAL and SOHAM AGARWAL both are same and one identical person.
Name Change I, PROMAD KUMAR AGARWAL (old name) F/N BABULAL AGARWAL Resident of Balagee Ganges, BL-D, 202, 105D, Bidhanagar Road, Uttadanga Main Road, PO-Ulta Danga, PS ManikTala, Kolkata- 700067 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) PRAMOD KUMAR AGARWAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. PROMAD KUMAR AGARWAL and PRAMOD KUMAR AGARWAL both are same and one identical person.	Name Change I, BISWAS JOYDEB MANOBAR (old name) S/O MANNAVAR BISWAS Resident of Vill-Pathuria, PO- Nalduguri, PS-Bagdah, N 24 Pgs- 743297 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) JOYDEB BISWAS, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. BISWAS JOYDEB MANOBAR and JOYDEB BISWAS both are same and one identical person.
Name Change I, BIDYUT JAYDEB BISWAS (old name) S/O JOYDEB BISWAS Resident of Vill-Pathuria, PO- Nalduguri, PS-Bagdah, N 24 Pgs- 743297 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) BIDYUT BISWAS, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. BIDYUT JAYDEB BISWAS and BIDYUT BISWAS both are same and one identical person.	Name Change I, ABDUL RAFIK MANDAL (old name) S/O SOVAN ALI MANDAL Resident of Vill-Maliapata, PO-Pathar Ghatia, PS- Tehatta, Pin-741103, Nadia WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) RAFIK MONDAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. ABDUL RAFIK MANDAL and RAFIK MANDAL both are same and one identical person.
Name Change I, SK SHABIR ALI (old name) S/O SHEIK SHAKER ALI(Old Name) Resident of 1 TOPSIA ROAD SOUTH GOBINDA KHATICK ROAD KOLKATA 700046 WEST BENGAL, India I have changed my & my father's name to (shall henceforth be known as) SK SHABIR ALI S/O MD SHAKIR, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. SK SHABIR ALI S/O SHEIK SHAKER ALI and SK SHABIR ALI S/O MD SHAKIR both are same and one identical person.	Name Change I, ASIM ROY (Old Name) S/o HARIPADA GHATAK alias BAMAL KANTI GHATAK (Old Name) S/o LATE KIRAN LAL GHATAK residing at 2165 SUCHETA NAGAR KMC, PS- GARFA KOL - 700078 WEST BENGAL, INDIA I have changed my name (Shall henceforth be known as) BIMAL KANTI GHATAK (New Name) vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. BIMAL GHATAK and BIMAL KANTI GHATAK both are same and one identical person.
Name Change I, wakil shaw (Old Name) S/o Late Ramabhisat shah residing at 57/2 Basantlal saha road / PS-paransree, Kolkata-700053 WB INDIA, I have changed my name (Shall henceforth be known as) ukil shaw, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. wakil shaw and ukil shaw both are same and one identical person.	Name Change I, BIMAL GHATAK alias BIMAL KANTI GHATAK alias BAMAL KANTI GHATAK (Old Name) S/o LATE KIRAN LAL GHATAK residing at 2165 SUCHETA NAGAR KMC, PS- GARFA KOL - 700078 WEST BENGAL, INDIA I have changed my name (Shall henceforth be known as) BIMAL KANTI GHATAK (New Name) vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 01/02/2023. BIMAL GHATAK, BIMAL KUMAR GHATAK, BAMAL KANTI GHATAK and BIMAL KANTI GHATAK both are same and one identical person.

ভারতের পিচ ‘অপ্রাসঙ্গিক’ ম্যাচ না খেলার সিদ্ধান্ত অস্ট্রেলিয়ার!

মেলবোর্ন, ১ ফেব্রুয়ারিঃ সপ্তাহখানেক পরই শুরু হয়ে যাচ্ছে ভারত বনাম অস্ট্রেলিয়া বর্ডার-গ্যাভাসকর সিরিজ। জুনিয়ার মাসের শেষদিনে অস্ট্রেলিয়া টিমের সদস্যরা ভারতের উদ্দেশে রওনা দিতে শুরু করেছেন। কেউ পৌঁছে গিয়েছেন, কেউ পথে। অর্থাৎ, এই হাইভোল্টেজ সিরিজের আগে হাতে সময় নিশ্চই আসছেন প্যাট কামিন্স, ডেভিড হোয়ার্টস। যদিও চার ম্যাচের টেস্ট সিরিজের আগে প্র্যাকটিস ম্যাচ খেলবে না অস্ট্রেলিয়া। সাফ জানিয়ে দিয়েছেন অজিদের প্রাক্তন অধিনায়ক তথা বর্তমান ক্রিকেট বিশ্বের অন্যতম সেরা টেস্ট ব্যাটার স্টিভ স্মিথ। কিন্তু কেন? এর উত্তর দিতে গিয়ে বেশ কিছু বিস্ফোরক কথা বেরিয়েছে স্মিথের মুখ থেকে। তিনি স্পষ্ট বলে দিয়েছেন, ভারতের পাতা ফাঁদে আর পা চিঁড়ি চায় না অস্ট্রেলিয়া। তাই প্র্যাকটিস ম্যাচ না খেলার সিদ্ধান্ত নিয়েছে দল? ভারতের প্র্যাকটিস পিচকে অপ্রাসঙ্গিক বলেছেন স্মিথ। অস্ট্রেলিয়ার একটি সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে ব্যাগগ্রিনদের প্রাক্তন অধিনায়ক জানিয়েছেন, একমাস ব্যাপি টেস্ট সিরিজের আগে ভারতে ট্রার গেম খেলতে রাজি নয় অস্ট্রেলিয়া। কারণ হিসেবে তিনি বলেছেন, “ইংল্যান্ডে গিয়ে



দুটো প্র্যাকটিস ম্যাচ খেলব। কিন্তু ভারতে নয়। আমি নিশ্চিত, শেষবারের মতো এ বারও ওরা প্র্যাকটিসের জন্য সবুজ পিচ দেবে। যেটা অপ্রাসঙ্গিক। এর থেকে নিজেদের নেটে ভালো

অনুশীলন হবে। স্পিনাররা যত খুশি বল করতে পারবেন।” তাও রেখেচেকে কথা বলেছেন স্মিথ। অস্ট্রেলিয়া প্রাক্তন উইকেটকিপার ইয়ান হিলি তো এই বিতর্কে সরাসরি থি চলেছেন। তাঁর কথায়, ভারতে গিয়ে প্যাট কামিন্সদের ট্রার গেম না খেলার পিছনে একটাই কারণ। কিছু কিছু বিষয়ে আয়োজক দেশকে অস্ট্রেলিয়া আর বিশ্বাস করে না। প্র্যাকটিস ম্যাচের পিচ সবুজ থাকলেও আসল উইকেট থাকে স্পিন সহায়ক। অতীত অভিজ্ঞতা থেকে ‘শিক্ষা’ নিয়ে প্রস্তুতি ম্যাচের ফাঁদে আর পড়তে চায় না অস্ট্রেলিয়া টিম। ২০১৭ সালে শেষবার স্টিভ স্মিথরা ভারতে টেস্ট খেলতে এসেছিলেন। ১-২ ব্যবধানে সিরিজ হেরেছিল ব্যাগগ্রিনরা। ২০০৪ সালের পর এ দেশে আর টেস্ট সিরিজ জিততে পারেনি। ১৪ বছরের খরা কাটানোর জন্য মাঠ নামতে মুখিয়ে স্মিথরা। ভারতে টেস্ট সিরিজ জয়ের খরা কাটানোর পাশাপাশি আইসিসি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের জন্য অস্ট্রেলিয়ার কাছে বর্ডার-গাভাসকর ট্রফির গুরুত্ব অনেক। তবে ভারতের মাটিতে তাঁদের কাজ যে সহজ হবে না, তা ভালোভাবেই উপলব্ধি করতে পারছে প্যাট কামিন্স অ্যান্ড কোম্পানি।

শেফালি, তিতাসদের সংবর্ধনায় সচিনের মুখে ঝুলনের নাম

আমদাবাদ, ১ ফেব্রুয়ারিঃ টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ের জন্য মহিলাদের অনূর্ধ্ব ১৯ দলকে অভিনন্দন জানানেন সচিন তেডুলকর। এই সাফল্যের জন্য শেফালি বর্মা দলকে কৃতিত্ব দেওয়ার পাশাপাশি প্রাক্তন ক্রিকেটারদের অবদানের কথাও উল্লেখ করেছেন সচিন। ভারতীয় ক্রিকেট বোর্ডের সচিব জয় শাহ আগেই ঘোষণা করেছিলেন মহিলাদের অনূর্ধ্ব ১৯ টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ীকে সংবর্ধনা দেওয়া হবে। সেই মতো বুধবার আমদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে আমন্ত্রণ জানানো হয় শেফালিদের। ভারত-নিউ জিল্যান্ড তৃতীয় টি-টোয়েন্টি ম্যাচের টসের পর সংবর্ধনা জানানো হল বিশ্বজয়ীদের। সচিন বলেন, “তোমাদের সাফল্যে গোটা দেশ গর্বিত। তোমরা এখন রোল মডেল। আমি নিশ্চিত দেশকে আরও সাফল্য এনে দেবে তোমরা। বিশ্বকাপ জেতার স্বপ্ন আবারা প্রথম দেখেছিলাম ১৯৮৬ সালে। তখন আমার ১০ বছর বয়স। এই বিশ্বকাপ জয় দেশের ছোট ছোট মেয়েদের ক্রিকেটে প্রতি আগ্রহ উৎসাহিত করবে। ওরাও হাতে ব্যাট, বল তুলে নেওয়ার আগ্রহ পাবে। দেশের



প্রতিনিধিত্ব করার স্বপ্ন দেখবে। এ বছর থেকেই শুরু হচ্ছে মহিলাদের আইপিএল। মহিলাদের ক্রিকেটের জন্য এটা খুব বড় পদক্ষেপ। আমি সব সময় পুরুষ এবং মহিলাদের সমানারিকারে বিশ্বাস করি। শুধু ক্রীড়াক্ষেত্রে নয়, জীবনের প্রতিটি ক্ষেত্রেই সমানারিকার গুরুত্বপূর্ণ। ছেলে, মেয়ে নির্বিশেষে সকলের সমান সুযোগ পাওয়া উচিত।” সচিনের মতে বিশ্বকাপের এই সাফল্য হঠাৎ পাওয়া নয়। তিনি বলেছেন, “ভারতীয় মহিলা ক্রিকেটের

ভিত অত্যন্ত শক্তিশালী। প্রজন্মের পর প্রজন্ম বিশ্বমানের মহিলা ক্রিকেটার উঠে এসেছে আমাদের দেশে। শান্তা রঙ্গস্বামী, ভায়না এডুলাজি, অঞ্জলি চোপড়া, মিতালি রাজ, ঝুলন গোস্বামীদের সাফল্যের ভিতরে উপর দাঁড়িয়েই এই বিশ্বকাপ এসেছে। প্রত্যেক প্রজন্ম তাদের পরের প্রজন্মকে খেলার জন্য উৎসাহিত করেছে। ছোট ছোট মেয়েদের প্রশিক্ষণ দিয়েছেন তাঁরা। ভাগ করে নিয়েছেন অভিজ্ঞতা। দীর্ঘ প্রচেষ্টার ফল এই সাফল্য।” সচিন, জয় ছাড়াও শেফালিদের সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিসিপিআই সভাপতি রজার বিরি, বোর্ড কর্তা রাজীব শুক্লার। বিশ্বের বৃহত্তম ক্রিকেট স্টেডিয়ামে ক্রিকেটপ্রেমীদের সামনে শেফালিদের হাতে তুলে দেওয়া হয় পাঁচ কোটি টাকার চেক। এ বারই প্রথম মহিলাদের অনূর্ধ্ব ১৯ টি-টোয়েন্টি বিশ্বকাপ আয়োজন করেছিল আইসিসি। প্রথম বারের চ্যাম্পিয়ান হয়েছে ভারত। ফাইনালে ইংল্যান্ডকে হারায় ভারতীয় দল। ভারতীয় দলে ছিলেন বাংলার তিন ক্রিকেটার রিচা ঘোষ, তিতাস সাধু এবং হুমিতা বসু। তিন জনই ফাইনাল খেলেন।

টেল এন্ডারের হাত ধরে মান বাঁচাল সৌরাষ্ট্র



রাজকোট, ১ ফেব্রুয়ারিঃ রঞ্জি ট্রফিতে অন্যরা রেকর্ড গড়লেন পার্থ ভূটা। ভারতের হাত ধরে ম্যাচে ফিরল সৌরাষ্ট্র। কোয়ার্টার ফাইনালে পঞ্জাবের মুখোমুখি হয় সৌরাষ্ট্র। রবীন্দ্র জাডেজা অসুস্থ এই ম্যাচে খেলছেন না। নাগপুরে জাতীয় দলের শিবিরে যোগ দেওয়ার সম্ভাবনা রয়েছে বাঁ-হাতি অলরাউন্ডারের। তবে রঞ্জিতে সৌরাষ্ট্রের আশা বাঁচিয়ে রাখলেন পার্থ ভূটা। বাঁ-হাতি স্পিনার বল হাতে নয়, ব্যাট হাতে ম্যাচ বাঁচালেন। খানের কিনারা থেকে দলকে টেনে তুললেন। ৯ নম্বরে ব্যাট করতে নেমে সেঞ্চুরি করলেন পার্থ। তবে কৃতিত্ব এখানে নয়। ১৪৭-৮ থেকে দলের পতন রোধ করলেন। স্কোরবোর্ডে সৌরাষ্ট্রকে একার হাতে ৩০০ পার করালেন। রঞ্জির কোয়ার্টার ফাইনালে সৌরাষ্ট্রের আশা কিছুটা হলেও বাঁচিয়ে রাখলেন। পার্থ যখন ক্রিকে আসেন, তখন দলের স্কোরবোর্ড ১৪৭-৮। স্নেল প্যাটেলের ৭০ রান ছাড়া কেউই সে ভাবে দাঁড়াতে পারেননি। পঞ্জাবের সিদ্ধার্থ কৌল, বলতেজ সিংদের পেস আর ময়াল্ক মার্কান্ডের ঘূর্ণিতে দিশেহারা সৌরাষ্ট্রের ব্যাটিং লাইনআপ। পার্থের হাত ধরে প্রত্যঘাত সৌরাষ্ট্রের। তাকে দেখেই দল ঘুরে দাঁড়ানোর রসদ খুঁজে পায়। টপ অর্ডার থেকে মিজল অর্ডার যখন একেবারে ব্যর্থ, তখন ২৫ বছরের বাঁ-হাতি স্পিনার ব্যাট হাতে শাসন করলেন। অপরাজিত ১১১ রানের দুরন্ত ইনিংস উপহার দেন পার্থ ভূটা। ইনিংসে সাজানো ১১টা চার আর ৪টে ছয়। তাঁর ডাকবুকে ব্যাটিংয়ের সুবাদেই লড়াই জায়গায় পৌঁছে সৌরাষ্ট্র। নবম উইকেটে ক্রেনচন সাকারিয়ার সঙ্গে জুটি বেঁধে ৬১ রান জোেলেন পার্থ। ২০৮-৯ থেকে দলের স্কোরবোর্ড পৌঁছবে ৬০৩ রানে। শেষ উইকেটে যুবরাজ সিং ডোড্ডিয়ার সঙ্গে জুটিতে ৯৫ রান করেন পার্থ। ১৭ রান করেন যুবরাজ। সারা ইনিংস জুড়ে দাপট দেখিয়ে যান ২৫ বছরের ক্রিকেটার। রঞ্জিতে নয় নম্বরে ব্যাট করতে নেমে অনেকেরই সেঞ্চুরির নজির আছে। তবে পার্থর মতো কঠিন সময়ে সেঞ্চুরির নজির কার রয়েছে, তা দেখার জন্য প্রেক্ষর্ক বুক খাটতেই হবে। ম্যাচে যদিও ভালো। শুরু করছে গোবর্ধন দূই ওপেনারই সেঞ্চুরি করেছেন। প্রথম ইনিংসে লিড নেওয়ার পথেও এগিয়ে অনমোলপ্রীতারা।



ইন্দোর, ১ ফেব্রুয়ারিঃ ক্রিকেট মাঠে বীরগাথার শেষ নেই। বাইশ গজকে অনেকেই অবিশ্বাস্য লাড়াইয়ের মধ্য হিসেবে বেছে নিয়েছেন। যা চমকে দিয়েছে সারা পৃথিবীকে। তেমনই এক দুরন্ত লাড়াইয়ের সাক্ষী হয়ে থাকল রঞ্জি ক্রিকেট। বাঁ হাতের কবজি ভেঙে গিয়েছে ব্যাটারের। এমন পরিস্থিতিতে পড়লে অধিকাংশ প্লেয়ারই মাঠ ছেড়ে চলে যান। হাসপাতালে গিয়ে চোটের শুশ্রূষা করতে হয়। প্লাস্টার বাঁধা হয় ওই প্লেয়ারের হাতে। তারপর, বেশ কিছুদিন মাঠের বাইরে থাকতে হয় ওই ক্রিকেটারকে। কিন্তু কেউ কেউ অন্য রকমও হন। যাদের লাড়াই চমকে দেয় সারা পৃথিবীকে। হনুমা বিহারীকে এ বার থেকে সেই তালিকায় রাখতে হবে। অন্ধ্রপ্রদেশের এই ক্রিকেটারের বাঁ হাতের কবজি ভেঙে গেলেও মাঠ ছেড়ে বেরোননি। বরং খেলা চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেন। ভাঙা কবজি নিয়েই খেলা চালিয়ে যাচ্ছেন। কী ঘটেছে আসলে? হনুমা ডানহাতি ব্যাটসম্যান। কিন্তু মধ্যপ্রদেশের পেস বোলার আবেশ খানের একটা বাউন্সার আচমকা লাগে তাঁর বাঁ হাতের কবজিতে। ফলে বাঁ হাতের কবজি ভেঙে যায়। চোটের শুশ্রূষা করে আবার মাঠে যখন ফেরেন হনুমা, সবাইকে অবাক করে দিয়ে বাঁহাতি ব্যাটার হয়ে যান। যে কোনও ডান হাতি ব্যাটারের সামনের হাতটা বাঁ হাত। হনুমা বাঁ হাতিনের মতো ব্যাটিং শুরু করায় তাঁর সামনের হাত ডান হাত হয়ে যায়। নিজের চোট পাওয়া বাঁ হাতকে আড়াল করার জন্যই এই সিদ্ধান্ত নেন। যা বেশ অবাক করার মতো ব্যাপার। ৩৭ বলে ১৬ রান করে ক্রিকে ছিলেন হনুমা। তখনই চোট লাগে বাঁ হাতে। এরপর মাঠ ছেড়ে উঠে যাওয়ার পর এঞ্জুরে করা হয়েছে। তাতে দেখা গিয়েছে, বাঁ হাতের হাড়ে চিড ধরেছে। এঞ্জুরে-র পরই হনুমাকে বলে দেওয়া হয়েছিল, ৫-৬ থেকে সপ্তাই তিনি মাঠে নামতে পারবেন না। রঞ্জির কোয়ার্টার ফাইনালের পর অন্ধ্রপ্রদেশ আর তাঁকে পাবে না। সেই কারণেই হয়তো টিমকে এগিয়ে যেতে চেয়েছিলেন। যদিও ৫৭ বলে ২৭ করে ফিরে যান অন্ধ্রর ক্যাপ্টেন। এই রান দিয়ে হনুমার লাড়াইকে বিচার করা যাবে না। রঞ্জি ট্রফির কোয়ার্টার ফাইনাল ম্যাচের প্রথম দিনই তিনি পেরিয়েছিলেন চোটটা। দ্বিতীয় দিন আবার ব্যাট করতে নেমেছিলেন। টিমের শেষ উইকেটটা তাঁরই। অন্ধ্র তুলেছে ৩৭৯। হনুমার লাড়াই নতুন নয়। এর আগে আঘাতাতিক ক্ষেত্রেও দেখা গিয়েছে বাইশ গজে তাঁর অবিশ্বাস্য। ২০২১ সালে অস্ট্রেলিয়া সফরের সিডনি টেস্টে রবিচন্দ্রন অশ্বিনকে সঙ্গী করে ভারতকে নিশ্চিত হারের হাত থেকে বাঁচিয়েছিলেন হনুমা। ১৬১ বলে নট আউট ২৩ রানের সেই ইমিংবট্টা আজও চর্চায়। তারই মধ্যে হনুমা আবার নতুন লাড়াই তুলে ধরলেন ভারতীয় ক্রিকেট প্রেমীদের সামনে।

না ফেরার দেশে ময়দানে ‘জংলা’

দুরন্ত বার্তা, কলকাতা, ১ ফেব্রুয়ারিঃ প্রয়াত প্রাক্তন ফুটবলার পরিমল দে। বয়স হয়েছিল ৮২ বছর। অ্যালজাইমারে আক্রান্ত হয়েছিলেন। পরবর্তীতে শারীরিক অবস্থার আরও অবনতি হয়। মঙ্গলবার রাত ১২.১৫ মিনিটে কসবায় নিজের বাসভবনেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন ময়দানের জংলাদার। ১৯৭০ আইএফএ শিল্ড ফাইনালে ইরানের পাস ক্লাবের বিপক্ষে গোল ছিল পরিমল দে-র। সুদর্শন চেহারার পরিমল আদতে ছিলেন লাল-হলুদের নায়কই। স্মৃতি সত্যত সুখের হয়। তবে সেই স্মৃতি কখনও হারিয়ে যায় অসুখেও। পরিমল দে-র স্মৃতিও হারিয়ে গিয়েছিল অসুখে। তবে ‘ইস্টবেঙ্গল’ নাম শুনেলে যেন লাড়াইয়ের মন্ত্র খুঁজে পেলেন। ১৯৬৪ সালে উয়াড়ি থেকে ইস্টবেঙ্গলে সেই করেছিলেন পরিমল দে। টানা ৬ বছর লাল-



হলুদে খেলেছেন তিনি। খেলতেন ফরোয়ার্ড পজিশনে। ১৯৬৮ সালে ইস্টবেঙ্গলের অধিনায়ক হন তিনি। ময়দানে জংলাদা নামেই খ্যাত হয়ে উঠেছিলেন। ২০১৪ সালে তাকে জীবনকৃতি সম্মান দেয় ইস্টবেঙ্গল। ১৯৭০ সালে আইএফএ শিল্ড ফাইনালে ইস্টবেঙ্গলের নায়ক হয়ে গিয়েছিলেন পরিমল দে। ইরানের পাস ক্লাবের বিরুদ্ধে তাঁর করা একমাত্র গোলেই হারায় ইস্টবেঙ্গল। ঐতিহাসিক শিল্ড চ্যাম্পিয়নের সেই মুহূর্ত অমলিন লাল-হলুদ সমর্থকদের কাছে। সেই ম্যাচে শুরু থেকে খেলেননি পরিমল দে। পরিবর্ত হিসেবে মাঠে নেমেই জয়সূচক গোল করেন। সেরগকদের কাঁধে চেপে মাঠ ছেড়েছিলেন। দীর্ঘ রোগভোগের পর মঙ্গলবার রাতে প্রয়াত হন। আজ তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

জোর থাক্কা ভারতীয় শিবিরে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম টেস্টে নেই শ্রেয়স আইয়ার

মুম্বই, ১ ফেব্রুয়ারিঃ নাছোড়বান্দা চোট। যে কারণে জঙ্গপ্রীত বুমরা, রবীন্দ্র জাডেজা বহুদিন হল দলের বাইরে। গাড়ি দুর্ঘটনার কবলে পড়া ঋষভ পন্থ এখন ক্রিকেট থেকে বহু দূরে। ফেব্রুয়ারি মাসের প্রথমদিনে অধিনায়ক রোহিত শর্মা কপালে ফের চিন্তার ভাজ। দিন দশকের মধ্যে দেশের মাঠে শুরু হচ্ছে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট সিরিজ। তার আগে ভারতের স্কোয়াড থেকে ছিটকে গেলেন দলের তারকা ব্যাটার শ্রেয়স আইয়ার। পিঠের চোট পেয়ে নিউজিল্যান্ডের বিরুদ্ধে ওডিআই এবং টি-২০ সিরিজ খেলতে পারেননি শ্রেয়স। মনে করা হয়েছিল, বর্ডার গাভাসকর ট্রফি সিরিজে সুস্থ হয়ে ফিরবেন। কিন্তু সে গুড়ে বাঁধ। ১ ফেব্রুয়ারি থেকে নাগপুরে শুরু হতে চলা ভারত-



গিয়েছিল। বর্তমানে বেঙ্গালুরুক ন্যাশনাল অ্যাকাডেমিতে রিহাব চলছে শ্রেয়সের। জানা গিয়েছে, নিয়মিত ব্যথার ইজেকশন নিলেও শ্রেয়সের পিঠের ব্যথা কমেনি। তাই এনসিএ-র তরফে কেকেআর অধিনায়ককে অন্তত আরও দুই সপ্তাহের বিশ্রাম নেওয়ার পরামর্শ

দেওয়া হয়েছে। যে কারণে নাগপুরে ২ ফেব্রুয়ারি থেকে শুরু হতে চলা ভারতীয় দলের ক্যাম্পে যোগ দিতে পারছেন না শ্রেয়স। আপাতত বেঙ্গালুরুতেই রিহাব চলবে তাঁর। বোর্ডের এক সূত্র জানিয়েছে, শ্রেয়সের চোট এখনও সারেনি। মাঠে ফেরার আগে আরও অন্তত দুই সপ্তাহ বিশ্রামে থাকা প্রয়োজন। যে কারণে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম টেস্টে পাওয়া যাবে না শ্রেয়সকে। আশা করা হচ্ছে দ্বিতীয় টেস্টে শুরু হওয়ার আগেই সুস্থ হয়ে উঠবেন শ্রেয়স। ফিটনেস রিপোর্ট দেখে তবেই সিদ্ধান্ত নেওয়া হবে। খারাপ খবরের সঙ্গে ভালো খবরও রয়েছে। অলরাউন্ডার রবীন্দ্র জাডেজা ২ ফেব্রুয়ারি নাগপুরে ভারতীয় দলের শিবিরে যোগ দেবেন। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্টে স্কোয়াডের সদস্যদের ২ ফেব্রুয়ারি সকালে রিপোর্ট করতে বলা হয়েছে। গত সপ্তাহে সৌরাষ্ট্রের হয়ে তামিলনাড়ুর বিরুদ্ধে রঞ্জি ট্রফিতে সাত উইকেট নিয়ে চমকে দিয়েছিলেন। এরপর জাডেজা ম্যাচ ফিটনেস টেস্টে উত্তরে গিয়েছেন। ভারতের জার্সি গায়ে মাঠে নামার জন্য মুখিয়ে তিনি।

প্রথম ইনিংসে লিড নিল বাংলা, অভি-সুদীপের হাফসেঞ্চুরি

দুরন্ত বার্তা, কলকাতা, ১ ফেব্রুয়ারিঃ রঞ্জি কোয়ার্টার ফাইনালের প্রথম দিন বোলারদের দাপট। দ্বিতীয় দিন বাংলার ব্যাটাররাও ভরসা দিলেন। নকআউটের ম্যাচ পাঁচ দিনের। ফলে এখনই বলা যাবে না, ম্যাচ পুরোপুরি বাংলার নিয়ন্ত্রণে। তবে প্রথম ইনিংসে গুরুত্বপূর্ণ লিড নিল বাংলা। গত কয়েক মরসুম ধরেই একটা ট্রেন্ড দেখা যাচ্ছে। গ্রুপ পর্বে অনবদ্য খেলছে বাংলা, নকআউটের প্রথম ধাপেও ভালো পারফরম্যান্স হচ্ছে। কিন্তু ফাইনাল অবধি ঝুলেও টুফি আসছে না। এ বার কী সেই ধারা বদলাবে? তার আগে বেশ কয়েকটা ধাপ পেরোতে হবে বাংলার। আপাতত কোয়ার্টার ফাইনালের ধাপ পেরিয়ে সেমিফাইনালে জায়গা করে নেওয়াই লক্ষ্য। বাংলার ওপেনিং জুটির সমস্যা যদিও মিটল না। এ মরসুমে নানা কন্বিনেশন দেখেছে বাংলা। এই ম্যাচে যেমন কাজী জুনেইদ সইফিকে খেলানো হয়। তাতোও অবশ্য ওপেনিংয়ের সমস্যা মেটেনি। বাংলার ওপেনিং জুটিতে উঠল মাত্র ১১ রান। ২৪ বল ক্রিকে থাকলেও ১ রানেই ফিরলেন কাজী। বাংলাকে এই মরসুমে অনেক ম্যাচেই খারাপ পরিস্থিতি থেকে টেনে তুলেছে অভিনব সূদীপ-সুদীপ ঘরামি জুটি। ঝাড়খণ্ডের বিরুদ্ধে প্রথম ইনিংসেও তাই ঘটল। দ্বিতীয় উইকেটে

শতরানের জুটি গড়লেন তারা। সুদীপ ফিরলেন ১০৯ বলে ৬৮ রানের অনবদ্য একটা ইনিংস খেলে। জুটি ভাঙতেই অভির ইনিংসও দীর্ঘস্থায়ী হয়নি। ৭৭ রানে ফেরেন অভি। অনুষ্টিপ মজুমদার (২৫), অধিনায়ক মনোজ তিওয়ারি (১৩) ভালো শুরু করলেও বড় ইনিংস আসেনি। দ্বিতীয় দিনের শেষে বাংলার স্কোর ২৬৮-৫। ক্রিকে রয়েছে শাহবাজ আহমেদ (১৭) এবং উইকেটকিপার অভিষেক পোডেল (২৫)। বাংলা এগিয়ে ৬৫ রানে। তারপরও কোচ লক্ষ্মীনারন শুক্লাকে খুব বেশি স্বস্তিতে দেখালো না। আসলে তাঁর অভিজ্ঞতা থেকে ভালোই বুঝতে পারছেন, ম্যাচের রং যে কোনও সময় বদলে যেতে পারে। দিনের খেলার শেষে লক্ষ্মী সেটাই জানালেন, “খেলটার নাম ক্রিকেট। এখান থেকে যে কোনও কিছুই হতে পারে। ছেলেরা যে ভাবে খেলছে, ধারাবাহিকতা দেখাতে হবে। পাঁচ দিনের ম্যাচ। এখনও অনেকটা রান্ধা বাকি।” তবে প্রথম ইনিংসে লিড নেওয়ায় দলের জন্য খুশি কোচ। বলেন, “প্রথম ইনিংসে লিড নিতে পারাটা আমাদের কাছে স্বস্তির। লক্ষ্য থাকবে তৃতীয় দিন যতটা বেশি সময় সম্ভব ব্যয় করা এবং লিড বাড়ানো। সুদীপ-অভিনব সূদীপের পাটনারশিপটা খুবই গুরুত্বপূর্ণ ছিল। তবে আমাদের লক্ষ্য আরও বড়।”



বিশ্বকাপ দল থেকে বাদ খোদ অধিনায়ক! বিশ্ব ক্রিকেটে অবাক করা ঘটনা

জোহানেসবার্গ, ১ ফেব্রুয়ারিঃ ভারতীয় টিমের সবচেয়ে চোটপ্রবণ ক্রিকেটার কে? খোদ অধিনায়ক রোহিত শর্মা। ঘরের মাঠে ওয়ান ডে বিশ্বকাপের ঠিক আগে ফিটনেস টেস্টে যদি ফেল করেন রোহিত, টিম থেকে কি বাদ পড়বেন? হয়তো তা হবে না! কারণ, ক্রিকেটে ক্যাপ্টেনের গুরুত্ব অপরিসীম। নির্বাচিত নেতাকে বাদ দিয়ে মাঠে নামার মতো ঘটনা খুব একটা দেখা যায় না। যদি না আচমকা চোট সেই ক্যাপ্টেনকে টিম থেকে ছিটকে দেয়। তবু ক্রিকেটে কিছু বিরল ঘটনাও তো ঘটে! নেতাও যদি ফিটনেস টেস্টে ফেল করেন, তা হলে টিম থেকে বাদ দেওয়া হতে পারে! তাই ঘটল। আসন্ন মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপে ফিটনেস পরীক্ষায় পাশ

না করায় দল থেকে বাদ পড়লেন দক্ষিণ আফ্রিকার মহিলা ক্রিকেট দলের অধিনায়ক ড্যান ভ্যান নিকার্ক। তাঁর লেগ স্পিন এবং ব্যাটিং যে কোনও প্রতিপক্ষর কাছেই আতঙ্কের। বিভিন্ন দেশের ফ্র্যাঞ্চাইজি লিগেও খেলেন নিকার্ক। কিন্তু এ বার ঘরের মাঠে বিশ্বকাপে দলকে নেতৃত্ব দেওয়া কিংবা খেলা কোনওটাই হবে না। তাঁর পরিবর্তে বিশ্বকাপে দক্ষিণ আফ্রিকাকে নেতৃত্ব দেবেন সুনে লাস। ফিটনেসের জন্য অধিনায়ক বাদ! এই বিরল ঘটনায় কার্যত অবাক গোটা বিশ্ব। দল থেকে বাদ পড়ে কী প্রতিদ্বন্দ্বি়া অধিনায়কের? এ বার দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত হতে চলেছে মহিলাদের টি-টোয়েন্টি বিশ্বকাপ। তার জন্য ইতিমধ্যেই দল ঘোষণা করেছে দক্ষিণ আফ্রিকা ক্রিকেট



নাকি বাদ পড়লেন ক্যাপ্টেন নিকার্ক। সম্প্রতি গোড়ারির হাড় ভেঙেছিল তাঁর। এরপর সুস্থ হয়ে

ফিটনেস পরীক্ষায় অংশ নেন তিনি। তবে পরীক্ষায় পাশ করতে পারেননি। ফলে জায়গা হল না দলে। তাঁর পরিবর্ত হিসেবে দলে জায়গা করে নিয়েছেন সুনে লাস। আসন্ন মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপে দলকে নেতৃত্ব দেবেন তিনিই। এছাড়াও ভারত ও ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে চলতি সিরিজেও দলের দায়িত্ব কাঁধে তুলে নিয়েছেন লাস। ২৭ জানুয়ারি বসেছিল দক্ষিণ আফ্রিকার মহিলা ক্রিকেট দলের ফিটনেস টেস্টের আসর। সুদের খবর, যোগ্যতা মাপার মাপকাঠি ছিল ২ কিমি ৯ মিনিট ৬০ সেকেন্ডে শেষ করা। কিন্তু ড্যান এই দৌড় শেষ করতে নির্ধারিত সময়ের থেকে ১৮ সেকেন্ড বেশী সময় নেন। দক্ষিণ আফ্রিকার ক্রিকেটকে এক অন্য মাত্রা দিয়েছেন ড্যান।

বিশ্বকাপ দলে তাঁর অনুপস্থিতিতে বেজায় চটেছেন দক্ষিণ আফ্রিকার ক্রিকেট প্রেমীদের একাংশ। এই ঘটনা মেনে নিতে পারেননি স্বয়ং অধিনায়কও। দল নির্বাচনের পর ইনস্টাগ্রামে একটাই শব্দ খরচ করেছেন ড্যান। একটি ছবি দিয়ে তিনি লিখেছেন, ‘ভগ্ন’। এই ঘটনার পর টুইটারে ড্যানের সমকামী স্ত্রী তাঁর একটি ছবি দিয়ে টুইট করেন, ‘বিশ্বের অন্যতম সেরা অধিনায়ক’। আসন্ন টি-টোয়েন্টি মহিলা বিশ্বকাপে দক্ষিণ আফ্রিকার দলে জায়গা পেয়েছিলেন ড্যানের স্ত্রী মারিয়ান কাপ। তবে ব্যক্তিগত কারণ দেখিয়ে টিম থেকে সরে দাঁড়িয়েছেন মারিয়ান। বোঝাই যাচ্ছে, ড্যান যখন টিমে নেই, তখন এই বিশ্বকাপে আর খেলবেন না তাঁর স্ত্রী মারিয়ান।

প্রকাশিত

সুচিকিৎসা

২৫ বর্ষ ভূতীয় সংখ্যা ১ ফেব্রুয়ারি ২০২৩

ইউরিক অ্যাসিডের সমস্যা ও তার সমাধান

- অতিরিক্ত ইউরিক অ্যাসিডে শারীরিক সমস্যা
- ইউরিক অ্যাসিডের অতিরিক্ততার নিয়ন্ত্রণ
- দরকার
- পাঁচটির চিকিৎসা
- ইউরিক অ্যাসিড নিয়ন্ত্রণে জলের ভূমিকা
- ইউরোলজিক্যাল ক্যালার
- ক্যালার নিয়ে কিছু কথা

সুচিকিৎসা
এখন অনলাইনে পড়তে
লগ অন করুন
www.suchikitsa.in